রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, জুন ২৯, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**শিল্প মন্ত্রণালয়**
**প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ আষাঢ়, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৬ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং ২৭৯-আইন/ ২০২৫।**—বয়লার আইন, ২০২২ (২০২২ সনের ৬ নং আইন) এর ধারা ৫২ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

**প্রথম অধ্যায়**

**প্রারম্ভিক**

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা বয়লার বিধিমালা, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ বয়লার আইন, ২০২২ (২০২২ সনের ৬ নং আইন);

(খ) **"কোড"** অর্থ আইনের ধারা ২ এর দফা (২) এ সংজ্ঞায়িত কোড;

(গ) **"তফসিল"** অর্থ এই বিধিমালার কোনো তফসিল; এবং

(ঘ) **"ফরম"** অর্থ এই বিধিমালার তফসিলে উল্লিখিত কোনো ফরম।


**মূল্য :** টাকা ৬০.০০

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **বয়লারের ধারণ ক্ষমতা, বাষ্পচাপ ও আয়ুষ্কাল।**— (১) আইনের ধারা ১৩ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, বয়লারের ধারণ ক্ষমতা, বাষ্পচাপ ও আয়ুষ্কাল হইবে নিম্নরূপ, যথা:—

(ক) **ইলেকট্রোড বয়লার:** বিদ্যুৎ প্রবাহের মাধ্যমে তাপ সঞ্চালনের দ্বারা বাষ্প উৎপাদন কার্যে ব্যবহৃত কোনো বয়লার এবং উহার সর্বোচ্চ পানি ধারণ ক্ষমতা, কার্যকরী বাষ্পচাপ (operating pressure) ও আয়ুষ্কাল হইবে যথাক্রমে, ৩ (তিন) শত লিটার, ৭ (সাত) কেজি প্রতি বর্গসেন্টিমিটার ও ১০ (দশ) বৎসর;

(খ) **স্মল ইন্ডাস্ট্রিয়াল বয়লার:** প্রচলিত জ্বালানির মাধ্যমে তাপ সঞ্চালনের দ্বারা বাষ্প উৎপাদন কার্যে ব্যবহৃত কোনো বয়লার এবং উহার সর্বোচ্চ পানি ধারণ ক্ষমতা, কার্যকরী বাষ্পচাপ ও আয়ুষ্কাল হইবে যথাক্রমে, ৫ (পাঁচ) শত লিটার, ৭ (সাত) কেজি প্রতি বর্গসেন্টিমিটার ও ১৫ (পনেরো) বৎসর; এবং

(গ) **ইন্ডাস্ট্রিয়াল বয়লার:** দফা (খ) এ বর্ণিত বয়লারের অধিক পানি ধারণ ক্ষমতা বা কার্যকরী বাষ্পচাপ সম্পন্ন সকল বয়লার এবং উহা হইবে ২ (দুই) প্রকার, যথা:—

(অ) **প্যাকেজ টাইপ বয়লার:** বয়লারের চাপীয় অংশসমূহ (pressure parts) নির্মাণকারীর কারখানার অভ্যন্তরে সংযোজিত (assemble) বয়লার এবং উহার আয়ুষ্কাল হইবে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বৎসর; এবং

(আ) **ফিল্ড ইরেকটেড বয়লার:** ওয়াটার টিউব বা কম্বাইন্ড টিউব বয়লার যাহার কম্পোনেন্টসমূহ (boiler component) ব্যবহারের স্থানে সংযোজিত হইবে এবং উহার আয়ুষ্কাল হইবে সর্বোচ্চ ৬০ (ষাট) বৎসর।

(২) আয়ুষ্কাল নিশ্চিতের লক্ষ্যে বয়লার পরিদর্শক কর্তৃক বাৎসরিক পরিদর্শন ও পরীক্ষণের সময় জলীয় পরীক্ষণ (হাইড্রোলিক টেস্ট) ও অনুমোদিত চাপে সেফটি ভালভ সেট ও টেস্ট (steam test) করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এ বর্ণিত বয়লার এর আয়ুষ্কাল বয়লার বোর্ডের অনুমোদনক্রমে দুই মেয়াদে সর্বোচ্চ ১০ বৎসর বৃদ্ধি করা যাইবে।

(৪) আয়ুষ্কাল বৃদ্ধির ক্ষেত্রে নন ডেস্ট্রাকটিভ টেস্ট (থিকনেস গেজিং টেস্ট, আলট্রাসনিক বা রেডিওগ্রাফিক টেস্ট, ম্যাগনেটিক পার্টিকেল টেস্ট, ভিডিওস্কোপি টেস্ট ইত্যাদি) ও ইফিসিয়েন্সি টেস্ট (Efficiency Test) করিতে হইবে।

(৫) পরীক্ষণের পদ্ধতি কোড দ্বারা নির্ধারিত হইবে এবং বিশেষ পরীক্ষণের (নন ডেস্ট্রাকটিভ টেস্ট ও ইফিসিয়েন্সি টেস্ট) পূর্বে প্রধান বয়লার পরিদর্শকের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

৪। **উপ-প্রধান বয়লার পরিদর্শকের দায়িত্ব।**—এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, উপ-প্রধান বয়লার পরিদর্শকের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) প্রযোজ্য ক্ষেত্রে, আইনের ধারা ১৪ এ বর্ণিত প্রতিষ্ঠানসমূহ তালিকাভুক্তির নিমিত্ত সংশ্লিষ্ট প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল;

(খ) আঞ্চলিক কার্যালয়ের সকল প্রশাসনিক, আর্থিক ও কারিগরি কার্য সম্পাদনসহ বয়লার পরিচালনাকারী লাইসেন্স নবায়নের দায়িত্ব পালন এবং অধীনস্থ বয়লার পরিদর্শকগণের পরিদর্শনের অধিক্ষেত্র নির্ধারণ;

(গ) বয়লার নির্মাণ, আমদানি, নিবন্ধন, মেরামত, নিবন্ধন বাতিল, বয়লার ব্যবহারকারীর নাম বা ঠিকানা পরিবর্তনের জন্য দাখিলকৃত ড্রইং-ডিজাইন, দলিলাদি ও পরিদর্শনের প্রতিবেদন পরীক্ষণপূর্বক প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রতিবেদন দাখিল;

(ঘ) বয়লারের বিশেষ পরীক্ষণের (নন-ডেস্ট্রাকটিভ টেস্ট, ইফিসিয়েন্সি টেস্ট, ইত্যাদি) ক্ষেত্রে প্রধান বয়লার পরিদর্শকের অনুমোদন গ্রহণ;

(ঙ) তফসিল-২ এ উল্লিখিত বয়লার নির্মাণ, বয়লার আমদানি, বয়লার নিবন্ধন, বয়লার হস্তান্তর বা স্থানান্তর, বয়লার মেরামত, বয়লার পরিচালনাকারী, বয়লার নির্মাণকারী প্রতিষ্ঠান, বয়লার মেরামতকারী প্রতিষ্ঠান, বয়লার ইনডেন্টর প্রতিষ্ঠান, বয়লার ঝালাই পরীক্ষণ প্রতিষ্ঠান, বয়লার পরিদর্শনকারী প্রতিষ্ঠান, বয়লার বিষয়ক প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান, ঝুঁকিপূর্ণ বয়লার, বয়লার দুর্ঘটনা এবং বয়লার নিবন্ধন বাতিল, ইত্যাদির রেজিস্টার সংরক্ষণ;

(চ) বয়লারে ব্যবহৃত পানির গুণগতমান নিয়ন্ত্রণ, কনডেনসেট ওয়াটার (condensate water) পুনঃব্যবহার এবং ব্লো ডাউন ওয়াটার (blow down water) নির্গমণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ছ) প্রধান বয়লার পরিদর্শক এর অনুমোদন সাপেক্ষে বিধি ৫ এ বর্ণিত বয়লার পরিদর্শকের উপর অর্পিত দায়িত্ব পালন;

(জ) আইন এবং এই বিধিমালায় বর্ণিত দায়িত্ব পালন; এবং

(ঝ) সরকার কর্তৃক, সময় সময়, অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

৫। **বয়লার পরিদর্শকের দায়িত্ব।**—এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, বয়লার পরিদর্শকের দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) বয়লার নির্মাণ, নিবন্ধন, মেরামত, বয়লার ব্যবহারের সনদ নবায়ন এবং বয়লার ব্যবহারকারীর নাম বা ঠিকানা পরিবর্তন, নিবন্ধন বাতিল, ইত্যাদি কার্যক্রমের জন্য কোড মোতাবেক সরেজমিনে পরিদর্শন ও পরীক্ষণপূর্বক প্রতিবেদন দাখিল;

(খ) বয়লারে ব্যবহৃত পানির গুণগতমান নিয়ন্ত্রণ, কনডেনসেট ওয়াটার (condensate water) পুনঃব্যবহার এবং ব্লো ডাউন ওয়াটার (blow down water) নির্গমণের বিষয়ে প্রতিবেদন দাখিল;

(গ) স্ব-স্ব অধিক্ষেত্রে অনিবন্ধিত বয়লার এবং অননুমোদিত মেরামত অনুসন্ধান ও প্রতিবেদন দাখিল;

(ঘ) নির্ধারিত চাপে বয়লারের সেফটি ভালভ সেট ও টেস্ট (steam test);

(ঙ) দুর্ঘটনাকবলিত বয়লার সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল;

(চ) আইন এবং এই বিধিমালায় বর্ণিত দায়িত্ব পালন; এবং

(ছ) সরকার কর্তৃক, সময় সময়, অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

## দ্বিতীয় অধ্যায়

## তালিকাভুক্তি

৬। **তালিকাভুক্তির জন্য প্রয়োজনীয় দলিলাদি।**—বয়লার নির্মাণকারী প্রতিষ্ঠান, বয়লার মেরামতকারী প্রতিষ্ঠান, বয়লার পরিদর্শনকারী প্রতিষ্ঠান, বয়লার ইনডেন্টর প্রতিষ্ঠান, বয়লার ঝালাই পরীক্ষণ প্রতিষ্ঠান ও বয়লার বিষয়ক প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য নিম্নবর্ণিত দলিলাদি থাকিতে হইবে, যথা:—

(ক) প্রতিষ্ঠান বা কারখানার বিস্তারিত বিবরণ (মালিকানা/ভাড়া/লীজ এর দলিলসহ);

(খ) অফিস ব্যবস্থাপনা, যন্ত্রপাতি স্থাপনসহ কারখানার লে-আউট নকশা (প্রযোজ্য ক্ষেত্রে);

(গ) কারিগরিসহ মোট জনবলের বিবরণ;

(ঘ) যন্ত্রপাতির বিবরণ;

(ঙ) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি; এবং

(চ) ফি প্রদানের প্রমাণক ও ব্যবসায়িক দলিলাদি।

৭। **বয়লার নির্মাণকারীর শ্রেণিবিভাগ।**—(১) আইনের ধারা ২ এর দফা (১০) এর উদ্দেশ্য পূরণকল্পে, বয়লার নির্মাণকারী ২ (দুই) শ্রেণির হইবে, যথা:—

(ক) শ্রেণি-ক: ইন্ডাস্ট্রিয়াল বয়লার নির্মাণকারী; এবং

(খ) শ্রেণি-খ: স্মল ইন্ডাস্ট্রিয়াল ও ইলেকট্রোড বয়লার নির্মাণকারী।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, উপ-বিধি (১) এর দফা (ক) তে উল্লিখিত বয়লার নির্মাণকারী উক্ত উপ-বিধির দফা (খ) তে উল্লিখিত বয়লার নির্মাণ করিতে পারিবে এবং উভয় শ্রেণির নির্মাণকারী বয়লার কম্পোনেন্ট নির্মাণ -করিতে পারিবে।

৮। **বয়লার নির্মাণকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির যোগ্যতা।**—বয়লার নির্মাণকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য নিম্নরূপ জনবল, যন্ত্রপাতি ও সুবিধাদি থাকিতে হইবে, যথা:—

(ক) 'ক' শ্রেণির নির্মাণকারীর বয়লার ড্রইং-ডিজাইন, স্কেচিং (sketching) ও নির্মাণ বিষয়ে দক্ষ স্নাতক ডিগ্রিধারী অন্যূন ২ (দুই) জন যন্ত্রপ্রকৌশলী, ডিপ্লোমা ডিগ্রিধারী ১ (এক) জন যন্ত্রপ্রকৌশলী ও ১ (এক) জন তড়িৎ বা পাওয়ার প্রকৌশলী;

(খ) 'খ' শ্রেণির নির্মাণকারীর বয়লার ড্রইং-ডিজাইন, স্কেচিং (sketching) ও নির্মাণ বিষয়ে দক্ষ স্নাতক ডিগ্রিধারী অন্যূন ১ (এক) জন যন্ত্রপ্রকৌশলী, ডিপ্লোমা ডিগ্রিধারী ১ (এক) জন যন্ত্রপ্রকৌশলী ও ১ (এক) জন তড়িৎ বা পাওয়ার প্রকৌশলী;

(গ) 'ক' শ্রেণির ক্ষেত্রে প্রয়োজনীয় শক্তি (load bearing capacity) সম্পন্ন ওভারহেড ক্রেন ও হিট ট্রিটমেন্ট প্ল্যান্ট;

(ঘ) 'ক' ও 'খ' উভয় শ্রেণির ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক দক্ষ ফিটার (fitter), ওয়েল্ডার, টেকনিশিয়ান, ইলেকট্রিশিয়ান, শ্রমিক ও অন্যান্য জনবল; এবং

(ঙ) বোর্ড কর্তৃক অনুমোদিত অর্গানোগ্রাম, নির্ধারিত পরিমাণ জায়গা, অবকাঠামো, কর্মস্থল (working area), প্রয়োজনীয় যন্ত্রপাতি এবং স্টোরসহ কারখানার লে-আউট প্ল্যান, ইত্যাদি।

৯। **বয়লার মেরামতকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির যোগ্যতা।**—বয়লার মেরামতকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য বয়লার মেরামত বিষয়ে দক্ষ ডিপ্লোমা ডিগ্রিধারী অন্যূন ১ (এক) জন যন্ত্রপ্রকৌশলী বা ১ (এক) জন পাওয়ার প্রকৌশলী, প্রয়োজনীয় সংখ্যক দক্ষ ফিটার (fitter), ওয়েল্ডার, অন্যান্য জনবল এবং যন্ত্রপাতি ও ওয়ার্কশপ থাকিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, নির্মাণকারী কর্তৃক নির্মিত বয়লার মেরামতের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্মাণকারী স্বয়ংক্রিয়ভাবে মেরামতকারী হিসাবে গণ্য হইবেন।

১০। **বয়লার পরিদর্শনকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির যোগ্যতা।**—বয়লার পরিদর্শনকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য নিম্নরূপ জনবল ও যন্ত্রপাতি থাকিতে হইবে, যথা:—

(ক) বয়লার নির্মাণ ও বয়লারের ড্রইং-ডিজাইন বিষয়ে অভিজ্ঞ অথবা নির্মাণকালীন পরিদর্শন কাজে অন্যূন ৭ (সাত) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন স্নাতক ডিগ্রিধারী অন্যূন ১ (এক) জন যন্ত্রপ্রকৌশলী;

(খ) বয়লার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত Phased Array Ultrasonic Testing (PAUT) Level-II সনদসহ বয়লার নির্মাণ অথবা নির্মাণকালীন পরিদর্শন কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন স্নাতক ডিগ্রিধারী অন্যূন ৫ (পাঁচ) জন যন্ত্রপ্রকৌশলী ও প্রয়োজনীয় সংখ্যক দক্ষ জনবল; এবং

(গ) বয়লার পরিদর্শন ও পরীক্ষণের জন্য থিকনেস গেজ (thickness gause), স্লাইড ক্যালিপার্স, হাইড্রলিক পাম্প, Advanced Phased Array C-Scan Type Ultrasonic Flaw Detector, Radiography Testing (RT) যন্ত্রাদি ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামাদি।

১১। **বয়লার ইনডেন্টর প্রতিষ্ঠানের তালিকাভুক্তির যোগ্যতা।**—বয়লার ইনডেন্টর প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য নিম্নরূপ জনবল ও সনদ থাকিতে হইবে, যথা:—

(ক) বয়লার বিষয়ে দক্ষ স্নাতক ডিগ্রিধারী অন্যূন ১ (এক) জন যন্ত্রপ্রকৌশলী, ডিপ্লোমা ডিগ্রিধারী অন্যূন ১ (এক) জন যন্ত্রপ্রকৌশলী, ১ (এক) জন তড়িৎ বা পাওয়ার প্রকৌশলী ও সার্ভিস সংশ্লিষ্ট প্রয়োজনীয় সংখ্যক দক্ষ জনবল; এবং

(খ) বয়লার নির্মাণকারী প্রতিষ্ঠানের অথরাইজেশন।

১২। **বয়লার ঝালাই পরীক্ষণ প্রতিষ্ঠানের তালিকাভুক্তির যোগ্যতা।**—(১) বয়লার ঝালাই পরীক্ষণ প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য নিম্নরূপ জনবল ও যন্ত্রপাতি থাকিতে হইবে, যথা:—

(ক) PAUT Level-II সনদসহ স্নাতক ডিগ্রিধারী অন্যূন ১ (এক) জন যন্ত্রপ্রকৌশলী, Radiography Testing Film Interpretation (RTFI) সনদসহ স্নাতক ডিগ্রিধারী ১ (এক) জন যন্ত্র বা তড়িৎ প্রকৌশলী, Radiography Testing Level-II সনদসহ ডিপ্লোমা ডিগ্রিধারী ১ (এক) জন যন্ত্রপ্রকৌশলী ও ১ (এক) জন তড়িৎ বা পাওয়ার প্রকৌশলী, ১ (এক) জন Radiation Control Officer (RCO) ও প্রয়োজনীয় সংখ্যক দক্ষ জনবল;

(খ) Advanced Phased Array C-Scan Type Ultrasonic Flaw Detector, RT যন্ত্রাদি ও অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামাদি; এবং

(২) বয়লার ঝালাই পরীক্ষণকারী প্রতিষ্ঠান বয়লার এর ঝালাই পরীক্ষণ এবং বয়লার বোর্ডের অনুমোদনক্রমে বয়লার এর ম্যাটেরিয়াল পরীক্ষণ করিতে পারিবে।

১৩। **বয়লার বিষয়ক প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির যোগ্যতা।**—(১) বয়লার বিষয়ক প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির জন্য নিম্নরূপ জনবল, যন্ত্রপাতি ও সুবিধাদি থাকিতে হইবে, যথা:—

(ক) বয়লার বিষয়ে দক্ষ স্নাতক ডিগ্রিধারী এবং প্রশিক্ষণ প্রদানে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞ অন্যূন ১ (এক) জন যন্ত্রপ্রকৌশলী, ১ (এক) জন তড়িৎ প্রকৌশলী ও ১ (এক) জন কেমিকৌশল প্রকৌশলী বা কেমিস্ট বা ধাতব প্রকৌশলী;

(খ) আধুনিক প্রযুক্তি সুবিধাসম্পন্ন শ্রেণিকক্ষ (ট্রেনিং রুম) ও বয়লার সংশ্লিষ্ট ল্যাবরেটরি; এবং

(গ) জ্বালানি, পানি ও বাষ্প সরবরাহের ব্যবস্থাসহ অন্যূন ১ (এক) টি নিবন্ধিত বয়লার।

(২) প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানকে বয়লার বোর্ড কর্তৃক অনুমোদিত কম্পিটেন্সি স্ট্যান্ডার্ড (কারিকুলাম) অনুসরণ করিতে হইবে।

১৪। **তালিকাভুক্তি ও হালনাগাদকরণ পদ্ধতি।**—বয়লার নির্মাণকারী প্রতিষ্ঠান, বয়লার মেরামতকারী প্রতিষ্ঠান, বয়লার পরিদর্শনকারী প্রতিষ্ঠান, বয়লার ইনডেন্টর প্রতিষ্ঠান, বয়লার ঝালাই পরীক্ষণ প্রতিষ্ঠান এবং বয়লার বিষয়ক প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি ও হালনাগাদকরণের পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) বিধি ৬ এ বর্ণিত প্রযোজ্য দলিলাদি ও তফসিল-৪ এ উল্লিখিত ফিসহ প্রধান বয়লার পরিদর্শকের নিকট তফসিল-৩ এ উল্লিখিত, ক্ষেত্রমত, ফরম-ক, ফরম-খ, ফরম-গ, ফরম-ঘ, ফরম-ঙ বা ফরম-চ অনুযায়ী আবেদন দাখিল করিতে হইবে;

(খ) আবেদন প্রাপ্তির পর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা দাখিলকৃত দলিলাদি ও জনবলের দক্ষতা যাচাই করিবেন এবং যাচাইয়ে সঠিক প্রাপ্তি সাপেক্ষে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আবেদনকারীর প্রতিষ্ঠান বা কারখানা সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রতিবেদন দাখিল করিবেন;

(গ) প্রধান বয়লার পরিদর্শক পরিদর্শন প্রতিবেদন ও অন্যান্য তথ্য বোর্ড সভায় উপস্থাপন করিবেন এবং উক্ত প্রতিবেদন ও তথ্য যাচাইপূর্বক বোর্ড তালিকাভুক্তির আবেদন মঞ্জুর বা নির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক নামঞ্জুর করিবেন;

(ঘ) আবেদন মঞ্জুর করিবার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রধান বয়লার পরিদর্শক তাহার কার্যালয়ে তালিকাভুক্ত করিবেন এবং আবেদনকারীকে তফসিল-৩ এ উল্লিখিত, ক্ষেত্রমত, ফরম-ছ, ফরম-জ, ফরম-ঝ, ফরম-ঞ, ফরম-ট বা ফরম-ঠ অনুযায়ী তালিকাভুক্তিপত্র প্রদান করিবেন;

(ঙ) আবেদন নামঞ্জুরের ক্ষেত্রে কারণ উল্লেখপূর্বক তাহা আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে;

(চ) আবেদন নামঞ্জুর করা হইলে আবেদন নামঞ্জুরের কারণসমূহ নিরসন করিয়া তফসিল-৪ এ উল্লিখিত ফিসহ পুনরায় আবেদন করিতে পারিবেন;

(ছ) তালিকাভুক্ত প্রতিষ্ঠান কর্তৃক সংশ্লিষ্ট কার্যক্রম অন্যূন ১২ (বারো) মাস বন্ধ থাকিলে বা এই বিধিমালা অনুযায়ী প্রতিষ্ঠানের যোগ্যতায় অপূর্ণতা পরিলক্ষিত হইলে বোর্ডের অনুমোদনক্রমে প্রতিষ্ঠানকে তালিকা হইতে বাদ দেওয়া যাইবে;

(জ) তালিকাভুক্ত প্রতিষ্ঠানের কার্যক্ষমতার মেয়াদ হইবে সর্বোচ্চ ৩ (তিন) বৎসর এবং উহা নবায়নযোগ্য হইবে;

(ঝ) নবায়নের ক্ষেত্রে মেয়াদ উত্তীর্ণ হইবার ৩ (তিন) মাস পূর্বে হালনাগাদ ট্রেড লাইসেন্স ও তফসিল-৪ এ উল্লিখিত ফিসহ প্রধান বয়লার পরিদর্শক বরাবর আবেদন দাখিল করিতে হইবে;

(ঞ) আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকারীর প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করিবেন;

(ট) পরিদর্শনে প্রাপ্ত তথ্য বা প্রতিবেদনের ভিত্তিতে প্রধান বয়লার পরিদর্শক তালিকাভুক্তি হালনাগাদ করিবেন অথবা নির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক আবেদন নামঞ্জুর করিবেন; এবং

(ঠ) আবেদন নামঞ্জুরের ক্ষেত্রে কারণ উল্লেখপূর্বক উহা আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

## তৃতীয় অধ্যায়

## বয়লার নির্মাণ, সংযোজন ও আমদানি

১৫। **বয়লার নির্মাণ পদ্ধতি।**—আইনের ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (খ) এর উদ্দেশ্য পূরণকল্পে, বয়লার নির্মাণ পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) বয়লার নির্মাণকারী বয়লার নির্মাণের নিমিত্ত ড্রইং-ডিজাইন অনুমোদনের জন্য তফসিল-৫ এ উল্লিখিত ফি এবং কোড অনুযায়ী ড্রইং-ডিজাইন ও দলিলাদিসহ তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ড অনুযায়ী প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠানের নিকট আবেদন দাখিল করিবেন;

(খ) আবেদন প্রাপ্তির পর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা দাখিলকৃত ড্রইং-ডিজাইন ও দলিলাদি পরীক্ষণপূর্বক প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠানের প্রধানের নিকট প্রতিবেদন দাখিল করিবেন;

(গ) প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠান দাখিলকৃত আবেদন ও ড্রইং-ডিজাইন পরীক্ষণ এবং প্রয়োজনে, সংশোধনপূর্বক তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ঢ অনুযায়ী অনুমোদন প্রদান করিবেন;

(ঘ) বয়লার নির্মাণকারী অনুমোদনকৃত বয়লার নির্মাণের জন্য পরিদর্শন ও পরীক্ষণের লক্ষ্যে তফসিল-৫ এ উল্লিখিত ফিসহ নির্মাণ পরিকল্পনা (পরিদর্শন ও পরীক্ষণের তারিখ উল্লেখপূর্বক) প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠানের নিকট দাখিল করিবেন;

(ঙ) প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠান নির্মাণ পরিকল্পনা প্রাপ্তির পর পরিদর্শক নিয়োজিত করিবেন;

(চ) পরিদর্শক নির্ধারিত তারিখ বা যথাদ্রুত সম্ভব কোড অনুযায়ী পরিদর্শন ও পরীক্ষণ কার্য সম্পাদন করিবেন এবং প্রতিবেদন উপ-প্রধান বয়লার পরিদর্শক অথবা পরিদর্শনকারী প্রতিষ্ঠানের প্রধানের নিকট দাখিল করিবেন;

(ছ) উপ-প্রধান বয়লার পরিদর্শক দলিলাদি ও প্রতিবেদন যাচাইপূর্বক প্রধান বয়লার পরিদর্শকের নিকট দাখিল করিবেন;

(জ) প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠানের প্রধান প্রতিবেদন প্রাপ্তির পর যদি—

(অ) কোড অনুযায়ী বয়লার নির্মাণকার্য সম্পাদন হইয়াছে মর্মে নিশ্চিত হন, তাহা হইলে কোড অনুযায়ী নির্মাণ সনদ প্রদান করিবেন এবং বয়লারের মেকার্স নম্বর (makers no) কোড দ্বারা নির্ধারিত পদ্ধতিতে স্ট্যাম্পিং করিবার নির্দেশনা প্রদান করিবেন; অথবা

(আ) কোড অনুযায়ী বয়লার নির্মাণকার্য যথাযথভাবে সম্পন্ন না হয়, তাহা হইলে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক নির্মাণ সনদ নামঞ্জুর করিবেন; এবং

(ঝ) নির্মাণ সনদ নামঞ্জুর করা হইলে, উহার কারণ উল্লেখপূর্বক উপ-প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠানের প্রধান আবেদনকারীকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবেন।

১৬। **বয়লার কম্পোনেন্ট নির্মাণ বা সংযোজন পদ্ধতি।**—(১) আইনের ধারা ১৫ এর উপ-ধারা (২) এর দফা (খ) এর উদ্দেশ্য পূরণকল্পে, বয়লার কম্পোনেন্ট নির্মাণ বা সংযোজনের পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) বয়লার কম্পোনেন্ট নির্মাণ বা সংযোজনের নিমিত্ত ড্রইং-ডিজাইন অনুমোদনের জন্য প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠানের প্রধানের নিকট তফসিল-৫ এ উল্লিখিত ফি এবং কোড অনুযায়ী ড্রইং-ডিজাইন ও দলিলাদিসহ তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ড অনুযায়ী আবেদন দাখিল করিতে হইবে;

(খ) আবেদন প্রাপ্তির পর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা দাখিলকৃত ড্রইং-ডিজাইন ও দলিলাদি পরীক্ষণপূর্বক প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠানের প্রধানের নিকট প্রতিবেদন দাখিল করিবেন;

(গ) প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠানের প্রধান দাখিলকৃত আবেদন ও ড্রইং-ডিজাইন পরীক্ষণ এবং প্রয়োজনে, সংশোধনপূর্বক তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ঢ অনুযায়ী অনুমোদন প্রদান করিবেন;

(ঘ) অনুমোদন প্রাপ্তির পর বয়লার কম্পোনেন্ট নির্মাণ বা সংযোজনের জন্য পরিদর্শন ও পরীক্ষণের জন্য তফসিল-৫ এ উল্লিখিত ফিসহ নির্মাণ বা সংযোজন পরিকল্পনা (পরিদর্শন ও পরীক্ষণের তারিখ উল্লেখপূর্বক) প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠানের প্রধানের নিকট দাখিল করিবেন;

(ঙ) প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠানের প্রধান নির্মাণ বা সংযোজন পরিকল্পনা প্রাপ্তির পর পরিদর্শক নিয়োগ করিবেন;

(চ) পরিদর্শক নির্ধারিত তারিখ বা যথাদ্রুত সম্ভব কোড অনুযায়ী পরিদর্শন ও পরীক্ষণ কার্য সম্পাদন করিবেন এবং প্রতিবেদন উপ-প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠানের প্রধানের নিকট দাখিল করিবেন;

(ছ) উপ-প্রধান বয়লার পরিদর্শক দলিলাদি ও প্রতিবেদন যাচাইপূর্বক প্রধান বয়লার পরিদর্শকের নিকট দাখিল করিবেন;

(জ) প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠানের প্রধান প্রতিবেদন প্রাপ্তির পর যদি—

(অ) কোড অনুযায়ী কার্য সম্পাদন হইয়াছে মর্মে নিশ্চিত হন, তাহা হইলে কোড অনুযায়ী বয়লার কম্পোনেন্ট নির্মাণ বা সংযোজন সনদ প্রদান করিবেন এবং ওয়ার্কস নম্বর (works no) কোড দ্বারা নির্ধারিত পদ্ধতিতে স্ট্যাম্পিং করিবার নির্দেশনা প্রদান করিবেন; অথবা

(আ) কোড অনুযায়ী কার্য যথাযথভাবে সম্পন্ন না হয়, তাহা হইলে সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক নির্মাণ বা সংযোজন সনদ নামঞ্জুর করিবেন; এবং

(ঝ) নির্মাণ বা সংযোজন সনদ নামঞ্জুর করা হইলে, উহার কারণ উল্লেখপূর্বক উপ-প্রধান বয়লার পরিদর্শক বা পরিদর্শনকারী প্রতিষ্ঠানের প্রধান আবেদনকারীকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবেন।

(২) ফিল্ড ইরেকটেড বয়লারের কম্পোনেন্ট সংযোজন (নির্মাণ) এর ক্ষেত্রে উপ-বিধি (১) প্রযোজ্য হইবে।

১৭। **বয়লার নির্মাণকারীর দায়িত্ব।**—বয়লার নির্মাণকারীর দায়িত্ব হইবে নিম্নরূপ, যথা:—

(ক) ড্রইং-ডিজাইন অনুমোদনের তারিখ হইতে সর্বোচ্চ ১২ (বারো) মাসের মধ্যে বয়লার নির্মাণ কার্য সম্পন্ন করিতে হইবে;

(খ) বয়লার নির্মাণকার্য সম্পন্ন হইবার পর কোড অনুযায়ী যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে;

(গ) বয়লার সরবরাহের বা বিক্রয়ের পর অবিলম্বে নিবন্ধন সংশ্লিষ্ট সকল দলিলাদি ও সনদ ক্রয়কারী প্রতিষ্ঠানকে সরবরাহপূর্বক উক্ত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা প্রধান বয়লার পরিদর্শককে লিখিতভাবে অবহিত করিতে হইবে;

(ঘ) কারখানায় কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা (occupational health and safety) নিশ্চিত করিতে হইবে; এবং

(ঙ) বিদ্যমান শ্রম আইনের সংশ্লিষ্ট বিধানাবলি অনুসরণ করিতে হইবে।

১৮। **বয়লার ও বয়লার কম্পোনেন্ট আমদানির পদ্ধতি।**—(১) আইন ও এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, বয়লার ও বয়লার কম্পোনেন্ট আমদানির অনুমোদন প্রদান পদ্ধতি ও শর্তাবলি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) বয়লার ও বয়লার কম্পোনেন্ট আমদানির নিমিত্ত আমদানিকারককে তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ড অনুযায়ী আবেদন দাখিলপূর্বক প্রধান বয়লার পরিদর্শকের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে;

(খ) আবেদন প্রাপ্তির পর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা দাখিলকৃত দলিলাদি ও আবেদন যাচাইপূর্বক প্রধান বয়লার পরিদর্শক এর নিকট প্রতিবেদন দাখিল করিবেন;

(গ) প্রধান বয়লার পরিদর্শক প্রতিবেদন প্রাপ্তির পর আমদানির জন্য অনুমোদন প্রদান করিবেন এবং উপ-প্রধান বয়লার পরিদর্শককে পত্র জারির নির্দেশনা প্রদান করিবেন অথবা আবেদন নামঞ্জুর করিবেন;

(ঘ) নির্দেশনা প্রাপ্তির পর উপ-প্রধান বয়লার পরিদর্শক অবিলম্বে তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ঢ অনুযায়ী পত্র জারি করিবেন;

(ঙ) আবেদন নামঞ্জুর করা হইলে, উহার কারণ উল্লেখপূর্বক উপ-প্রধান বয়লার পরিদর্শক আবেদনকারীকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবেন; এবং

(চ) আবেদন নামঞ্জুর করা হইলে আবেদনকারী উল্লিখিত কারণসমূহ নিরসনপূর্বক ফিসহ পুনরায় আবেদন দাখিল করিতে পারিবেন।

(২) বয়লারের মান নিশ্চিতকল্পে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা, প্রয়োজনে, নির্মাণকারীর কারখানা বা নির্মাণ প্রক্রিয়া পরিদর্শন করিতে পারিবেন।

(৩) বয়লার নির্মাণকারীর কারখানা বা নির্মাণ প্রক্রিয়া পরিদর্শনের ক্ষেত্রে বয়লার নির্মাণকারী বয়লার ইনডেন্টরকে  বা আমদানিকারককে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করিবে।

(৪) বয়লার ও বয়লার কম্পোনেন্ট আমদানির ক্ষেত্রে বাণিজ্য মন্ত্রণালয়ের হালনাগাদ আমদানি নীতি আদেশ যথাযথভাবে প্রতিপালন করিতে হইবে।

(৫) বয়লার ও বয়লার কম্পোনেন্ট ব্যবহার বা বিক্রয়ের পূর্বে আমদানিকারককে প্রধান বয়লার পরিদর্শকের নিকট লিখিতভাবে অবহিত করিতে হইবে।

(৬) বিধি ৩ এর উপ-বিধি (১) এর দফা (ক), দফা (খ) এবং দফা (গ) এর উপ-দফা (অ) এ বর্ণিত বয়লার আমদানির ক্ষেত্রে বয়লার ইনডেন্টর এর মাধ্যমে আমদানি করিতে হইবে।

(৭) কোনো আমদানিকারক উল্লিখিত শর্তাদি প্রতিপালনে ব্যর্থ হইলে বা অস্বীকার করিলে বয়লার নির্মাণ, নিবন্ধন বা মেরামতের আবেদন নামঞ্জুর করা যাইবে।

## চতুর্থ অধ্যায়
## বয়লার ব্যবহার, ইত্যাদি

১৯। **বয়লার ব্যবহারের জন্য নিবন্ধনের লক্ষ্যে প্রয়োজনীয় দলিলাদি।**—আইনের ধারা ১৮ এর উপ-ধারা (২) অনুযায়ী বয়লার নিবন্ধনের জন্য আবেদনকারীকে আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) কোড অনুযায়ী বয়লার ও বয়লার কম্পোনেন্ট এর ক্রস সেকশনাল কনস্ট্রাকশন ড্রইং (সঠিক স্কেল অনুযায়ী);

(খ) চাপমান অংশসমূহের শক্তি ও রেটিংয়ের হিসাব;

**ব্যাখ্যা।—“রেটিং”** অর্থ বয়লারের হিটিং সারফেস;

(গ) পরিদর্শনকারী প্রতিষ্ঠানের নিকট হইতে বয়লার ও বয়লার কম্পোনেন্ট নির্মাণকালীন সময়ের পরিদর্শন ও পরীক্ষণ সার্টিফিকেট;

(ঘ) বয়লার নির্মাণকারীর নিকট হইতে বয়লার নির্মাণ ও পরীক্ষার সার্টিফিকেট;

(ঙ) বয়লার কম্পোনেন্ট নির্মাণকারীর নিকট হইতে বয়লার কম্পোনেন্ট নির্মাণ ও পরীক্ষার সার্টিফিকেট;

(চ) বয়লার ও বয়লার কম্পোনেন্ট স্থাপনের পিএন্ডআই ডায়াগ্রাম ও অনুমোদিত প্ল্যান অব স্টীম পাইপ; এবং

(ছ) ফি প্রদানের প্রমাণক এবং বয়লার ক্রয় সংশ্লিষ্ট ও ব্যবসায়িক দলিলাদি।

২০। **নিবন্ধন পদ্ধতি ।**—আইনের ধারা ১৮ এর উপ-ধারা (৩) অনুযায়ী নিবন্ধন পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) বিধি ২৩ ও কোড অনুযায়ী বয়লার স্থাপনপূর্বক তফসিল-৫ এ উল্লিখিত ফিসহ তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ণ অনুযায়ী আবেদন দাখিল করিতে হইবে;

(খ) আবেদন প্রাপ্তির পর বয়লার পরিদর্শক ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে কোড মোতাবেক পরিদর্শন ও পরীক্ষণের পর ৩ (তিন) কার্যদিবসের মধ্যে উপ-প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রতিবেদন দাখিল করিবেন;

(গ) উপ-প্রধান বয়লার পরিদর্শক দলিলাদি ও প্রতিবেদন যাচাইপূর্বক অবিলম্বে প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন;

(ঘ) প্রধান বয়লার পরিদর্শক, প্রতিবেদন প্রাপ্তির পর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক যাচাইপূর্বক বা, প্রয়োজনীয় ক্ষেত্রে, ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরিদর্শন ও পরীক্ষণপূর্বক প্রয়োজনীয় পরিবর্তন, পরিবর্ধন বা সংযোজনের পর অনুমোদনসহ উহার একটি নিবন্ধন নম্বর প্রদান করিবেন এবং উপ-প্রধান বয়লার পরিদর্শককে নিবন্ধনপত্র জারির নির্দেশনা প্রদান করিবেন অথবা আবেদন নামঞ্জুর করিবেন;

(ঙ) নির্দেশনা প্রাপ্তির পর উপ-প্রধান বয়লার পরিদর্শক অবিলম্বে তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ত অনুযায়ী নিবন্ধনপত্র জারি করিবেন;

(চ) আবেদন নামঞ্জুর করা হইলে, উহার কারণ উল্লেখপূর্বক উপ-প্রধান বয়লার পরিদর্শক আবেদনকারীকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবেন;

(ছ) নিবন্ধনপত্র প্রাপ্তির পর বয়লার ব্যবহারকারী ৭ (সাত) কার্যদিবসের মধ্যে কোডে বর্ণিত পদ্ধতিতে বয়লারের গায়ে স্থায়ীভাবে নিবন্ধন নম্বর অঙ্কন বা সংযোজন ও ব্যবহৃত পানির মান পরীক্ষণ করিবেন এবং অবিলম্বে সেফটি ভালভ সেট ও টেস্টের তারিখ নির্ধারণপূর্বক উপ-প্রধান বয়লার পরিদর্শককে লিখিতভাবে অবহিত করিবেন;

(জ) বয়লার ব্যবহারকারী কর্তৃক প্রদত্ত নির্ধারিত তারিখে বা প্রদত্ত তারিখের ১০ (দশ) কার্যদিবসের মধ্যে বয়লার পরিদর্শক অনুমোদিত চাপে সেফটি ভালভ সেট ও টেস্ট করিবেন এবং নিবন্ধন নম্বর অঙ্কন বা সংযোজন ও ব্যবহৃত পানির মানমাত্রার বিষয়ে ৩ (তিন) কার্যদিবসের মধ্যে উপ-প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রতিবেদন দাখিল করিবেন;

(ঝ) উপ-প্রধান বয়লার পরিদর্শক প্রতিবেদন যাচাইপূর্বক অবিলম্বে প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন;

(ঞ) প্রধান বয়লার পরিদর্শক প্রতিবেদন প্রাপ্তির পর অনুমোদনপূর্বক উপ-প্রধান বয়লার পরিদর্শককে কোডে উল্লিখিত নির্ধারিত ফরম অনুযায়ী বয়লার ব্যবহারের সনদ প্রদানের নির্দেশনা প্রদান করিবেন অথবা আবেদন নামঞ্জুর করিবেন;

(ট) নির্দেশনা প্রাপ্তির পর উপ-প্রধান বয়লার পরিদর্শক অবিলম্বে কোডে উল্লিখিত নির্ধারিত ফরম অনুযায়ী বয়লার ব্যবহারের সনদ প্রদান করিবেন; এবং

(ঠ) আবেদন নামঞ্জুর করা হইলে, উহার কারণ উল্লেখপূর্বক উপ-প্রধান বয়লার পরিদর্শক আবেদনকারীকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবেন।

২১। **বয়লার হস্তান্তর বা স্থানান্তরের ক্ষেত্রে ব্যবহারকারীর নাম বা ঠিকানা পরিবর্তনের জন্য প্রয়োজনীয় দলিলাদি।**—আইনের ধারা ২৩ এর উপ-ধারা (৩) অনুযায়ী বয়লার ব্যবহারকারীর নাম বা ঠিকানা পরিবর্তনের জন্য আবেদনকারীকে আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হইবে, যথা :—

(ক) ৩ (তিন) শত টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে বয়লার ক্রয়-বিক্রয় বা হস্তান্তর চুক্তিনামা;

(খ) বয়লার নিবন্ধনপত্র ও সর্বশেষ বয়লার ব্যবহারের সনদ;

(গ) অনুমোদিত প্ল্যান অব স্টীম পাইপ;

(ঘ) বয়লার কম্পোনেন্ট প্রস্তুতকারীর নিকট হইতে বয়লার কম্পোনেন্ট প্রস্তুত ও পরীক্ষার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে); এবং

(ঙ) ফি প্রদানের প্রমাণক এবং ব্যবসায়িক দলিলাদি।

২২। **বয়লার হস্তান্তর বা স্থানান্তরের ক্ষেত্রে বয়লার ব্যবহারকারীর নাম বা ঠিকানা পরিবর্তন পদ্ধতি।**—আইনের ধারা ২৩ এর উপ-ধারা (৪) অনুযায়ী বয়লার ব্যবহারকারীর নাম বা ঠিকানা পরিবর্তনের পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) কোনো বয়লার হস্তান্তর বা স্থানান্তর হইলে উপ-প্রধান বয়লার পরিদর্শক উহার কারণ ও সত্যতা যাচাই করিবেন এবং, প্রযোজ্য ক্ষেত্রে, হস্তান্তরিত বা স্থানান্তরিত এলাকার উপ-প্রধান বয়লার পরিদর্শকের নিকট নথি ও পরিদর্শন বই প্রেরণ করিবেন;

(খ) কোনো বয়লার হস্তান্তর বা স্থানান্তর হইলে বিধি ২৩ ও কোড অনুযায়ী স্থাপনপূর্বক নূতন বয়লার ব্যবহারকারী তফসিল-৫ এ উল্লিখিত ফিসহ তফসিল-৩ এ উল্লিখিত ফরম-থ অনুযায়ী আবেদন দাখিল করিবেন;

(গ) আবেদন প্রাপ্তির পর বয়লার পরিদর্শক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কোড মোতাবেক পরিদর্শন ও পরীক্ষণের পর ৩ (তিন) কার্যদিবসের মধ্যে উপ-প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রতিবেদন দাখিল করিবেন;

(ঘ) উপ-প্রধান বয়লার পরিদর্শক দলিলাদি ও প্রতিবেদন যাচাইপূর্বক অবিলম্বে প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন;

(ঙ) প্রধান বয়লার পরিদর্শক, প্রতিবেদন প্রাপ্তির পর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক যাচাইপূর্বক বা, প্রয়োজনীয় ক্ষেত্রে, ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরিদর্শন ও পরীক্ষণপূর্বক প্রয়োজনীয় পরিবর্তন, পরিবর্ধন বা সংযোজনের পর বয়লার ব্যবহারকারীর নাম বা ঠিকানা পরিবর্তনের জন্য অনুমোদন প্রদান করিবেন এবং পত্র জারির জন্য উপ-প্রধান বয়লার পরিদর্শককে নির্দেশনা প্রদান করিবেন অথবা আবেদন নামঞ্জুর করিবেন;

(চ) নির্দেশনা প্রাপ্তির পর উপ-প্রধান বয়লার পরিদর্শক অবিলম্বে নূতন বয়লার ব্যবহারকারীর নামে তফসিল-৩ এ উল্লিখিত ফরম-দ অনুযায়ী পত্র জারি করিবেন;

(ছ) আবেদন নামঞ্জুর করা হইলে, উহার কারণ উল্লেখপূর্বক উপ-প্রধান বয়লার পরিদর্শক আবেদনকারীকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবেন;

(জ) পত্র প্রাপ্তির পর বয়লার ব্যবহারকারী ব্যবহৃত পানির মান পরীক্ষণ করিবেন এবং অবিলম্বে সেফটি ভালভ সেট ও টেস্টের তারিখ নির্ধারণপূর্বক উপ-প্রধান বয়লার পরিদর্শককে লিখিতভাবে অবহিত করিবেন;

(ঝ) বয়লার ব্যবহারকারী কর্তৃক প্রদত্ত নির্ধারিত তারিখে বা প্রদত্ত তারিখের ১০ (দশ) কার্যদিবসের মধ্যে বয়লার পরিদর্শক সেফটি ভালভ সেট ও টেস্ট করিবেন ও ব্যবহৃত পানির মানমাত্রার বিষয়ে ৩ (তিন) কার্যদিবসের মধ্যে উপ-প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রতিবেদন দাখিল করিবেন;

(ঞ) উপ-প্রধান বয়লার পরিদর্শক প্রতিবেদন যাচাইপূর্বক অবিলম্বে প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন;

(ট) প্রধান বয়লার পরিদর্শক প্রতিবেদন প্রাপ্তির পর অনুমোদনপূর্বক উপ-প্রধান বয়লার পরিদর্শককে কোডে উল্লিখিত নির্ধারিত ফরম অনুযায়ী বয়লার ব্যবহারের সনদ প্রদানের নির্দেশনা প্রদান করিবেন অথবা আবেদন নামঞ্জুর করিবেন;

(ঠ) নির্দেশনা প্রাপ্তির পর উপ-প্রধান বয়লার পরিদর্শক অবিলম্বে কোডে উল্লিখিত নির্ধারিত ফরম অনুযায়ী বয়লার ব্যবহারের সনদ প্রদান করিবেন; এবং

(ড) আবেদন নামঞ্জুর করা হইলে, উহার কারণ উল্লেখপূর্বক উপ-প্রধান বয়লার পরিদর্শক আবেদনকারীকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবেন।

২৩। **বয়লার স্থাপন।**—বয়লার পরিদর্শনের পূর্বে নিম্নরূপভাবে বয়লার স্থাপন করিতে হইবে, যথা :—

(ক) বয়লারটি সংশ্লিষ্ট বয়লার রুমে কোড অনুযায়ী স্থাপন করিতে হইবে;

(খ) বয়লারে মানসম্মত ও কোডে বর্ণিত ফিটিংস, মাউন্টিংস ও এক্সেসরিজ যেমন, সেফটি ভালব (safty valve), প্রেসার গেজ (pressure gause), গেজ গ্লাস (gauge glass), চেক ভালব (check valve), ফিড পাম্প (feed pump), ফিড ট্যাংক (feed tank), ওয়াটার সফটনার (water softener), ইকোনোমাইজার (economizer), স্টিম হেডার (steam header) বা ডিস্ট্রিবিউটর (distributor), ইত্যাদি স্থাপন করিতে হইবে;

(গ) বয়লারে পিএন্ডআই ডায়াগ্রাম ও প্ল্যান অব স্টীম পাইপ অনুযায়ী ওয়াটার ও স্টীম পাইপ সংযুক্ত করিতে হইবে;

(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে বয়লারে পানি পরিশোধন প্ল্যান্ট স্থাপন করিতে হইবে; এবং

(ঙ) বয়লারে পানি ও বৈদ্যুতিক সংযোগ প্রদান করিতে হইবে।

২৪। **বয়লার ব্যবহারের সনদ নবায়ন।**—(১) আইনের ধারা ১৯ এর উপ-ধারা (২) অনুযায়ী নিম্নবর্ণিত কারণে বয়লার ব্যবহারের সনদের কার্যকরতা থাকিবে না, যথা :—

(ক) অনুমোদিত মেয়াদ অতিক্রান্ত হইলে;

(খ) বয়লার হস্তান্তর বা স্থানান্তর করা হইলে;

(গ) বয়লার বা বয়লার কম্পোনেন্ট মেরামত করা হইলে;

(ঘ) বয়লার ব্যবহার সাময়িকভাবে [অন্যূন ৯০ (নব্বই) দিন)] বন্ধ থাকিলে; এবং

(ঙ) বয়লারে কোনো দুর্ঘটনা ঘটিলে।

(২) উপ-বিধি (১) এ বর্ণিত কারণে বয়লার ব্যবহারের সনদের কার্যকরতা হারাইলে উহা নবায়ন করিতে হইবে।

২৫। **বয়লার ব্যবহারের সনদ নবায়নের জন্য প্রয়োজনীয় দলিলাদি।**—আইনের ধারা ১৯ এর উপ-ধারা (১) অনুযায়ী বয়লার ব্যবহারের সনদ নবায়নের জন্য নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হইবে, যথা :—

(ক) সর্বশেষ বয়লার ব্যবহারের সনদ;

(খ) বয়লার পরিচালনাকারীর লাইসেন্স;

(গ) পানি পরীক্ষণের প্রতিবেদন;

(ঘ) বিধি ২৪ অনুযায়ী প্রযোজ্য দলিলাদি; এবং

(ঙ) ফি প্রদানের প্রমাণক এবং ব্যবসায়িক দলিলাদি।

২৬। **বয়লার ব্যবহারের সনদ নবায়নের প্রক্রিয়া।**—(১) আইনের ধারা ১৯ এর উপ-ধারা (২) অনুযায়ী বয়লার ব্যবহারের সনদ নবায়নের প্রক্রিয়া হইবে নিম্নরূপ, যথা :—

(ক) বয়লার ব্যবহারের সনদপত্রের মেয়াদ উত্তীর্ণের পূর্বে বয়লার ব্যবহারকারী তফসিল-৫ এ উল্লিখিত ফিসহ তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ধ অনুযায়ী আবেদন দাখিল করিবেন;

(খ) আবেদন প্রাপ্তির পর বয়লার পরিদর্শক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে বয়লার পরিদর্শন ও পরীক্ষণ করিবেন এবং পরিদর্শন ও পরীক্ষণের পর ৩ (তিন) কার্যদিবসের মধ্যে উপ-প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রতিবেদন দাখিল করিবেন;

(গ) উপ-প্রধান বয়লার পরিদর্শক প্রতিবেদন প্রাপ্তির পর দলিলাদি ও প্রতিবেদন যাচাইপূর্বক অবিলম্বে বয়লার পরিদর্শককে কোডে উল্লিখিত নির্ধারিত ফরম অনুযায়ী বয়লার ব্যবহারের সনদ প্রদানের নির্দেশনা প্রদান করিবেন অথবা আবেদন নামঞ্জুর করিবেন;

(ঘ) নির্দেশনা প্রাপ্তির পর বয়লার পরিদর্শক অবিলম্বে কোডে উল্লিখিত নির্ধারিত ফরম অনুযায়ী বয়লার ব্যবহারের সনদ প্রদান করিবেন; এবং

(ঙ) আবেদন নামঞ্জুর করা হইলে, উহার কারণ উল্লেখপূর্বক উপ-প্রধান বয়লার পরিদর্শক, প্রধান বয়লার পরিদর্শক ও আবেদনকারীকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবেন।

(২) বয়লার ব্যবহারের সনদের মেয়াদ থাকাকালীন যে কোনো সময় উহা নবায়নের জন্য আবেদন করা হইলে পরিদর্শক কর্তৃক নির্ধারিত পরিদর্শন ও পরীক্ষণের তারিখের পূর্ব পর্যন্ত বয়লার ব্যবহারকারীকে এই বিধিমালার কোনো কিছুই বয়লার ব্যবহার করা হইতে নিবৃত্ত করিবে না।

(৩) বিদ্যুৎ উৎপাদনের সঙ্গে সংশ্লিষ্ট বয়লার ব্যবহারের সনদ নবায়নের ক্ষেত্রে বিধি ২৯ এ বর্ণিত পরিদর্শন ও পরীক্ষণের তারিখ ও সময় নির্ধারণে বয়লার ব্যবহারকারী কর্তৃক আবেদনে নির্ধারিত তারিখ প্রাধান্য পাইবে।

২৭। **বয়লার মেরামতের অনুমোদনের জন্য প্রয়োজনীয় দলিলাদি।**—আইনের ধারা ২৪ অনুযায়ী বয়লার মেরামতের জন্য আবেদনকারীকে আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হইবে, যথা :—

(ক) প্রস্তাবিত মেরামতের বিস্তারিত বিবরণ;

(খ) ক্ষতিগ্রস্থ কম্পোনেন্টের ফটো ও মেরামতব্য অংশের (কম্পোনেন্টের) কনস্ট্রাকশন ড্রইং;

(গ) ব্যবহৃত কম্পোনেন্ট এর ক্রয়সহ বিস্তারিত তথ্য এবং প্রস্তুত ও পরীক্ষণ সার্টিফিকেট (makers certificate);

(ঘ) বয়লার পরিচালনাকারীর লাইসেন্সের অনুলিপি;

(ঙ) বয়লার মেরামতকারীর হালনাগাদ ট্রেড লাইসেন্স ও তালিকাভুক্তি পত্রের অনুলিপি; এবং

(চ) ফি প্রদানের প্রমাণক এবং ব্যবসায়িক দলিলাদি।

২৮। **বয়লার মেরামতের প্রক্রিয়া।**—(১) আইনের ধারা ২৪ এর দফা (ঘ) অনুযায়ী বয়লার মেরামতের প্রক্রিয়া হইবে নিম্নরূপ, যথা :—

(ক) বয়লার ব্যবহারকারী বয়লার মেরামতের অনুমোদনের জন্য প্রয়োজনীয় দলিলাদি ও তফসিল-৫ এ উল্লিখিত ফিসহ তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ন অনুযায়ী আবেদন দাখিল করিবেন;

(খ) আবেদন প্রাপ্তির পর উপ-প্রধান বয়লার পরিদর্শক দাখিলকৃত ড্রইং-ডিজাইন ও দলিলাদি পরীক্ষণপূর্বক অবিলম্বে প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন;

(গ) প্রধান বয়লার পরিদর্শক, প্রতিবেদন প্রাপ্তির পর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক যাচাইপূর্বক বা, প্রয়োজনীয় ক্ষেত্রে, ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরিদর্শন ও পরীক্ষণপূর্বক বয়লার মেরামতের অনুমোদন প্রদান করিবেন এবং পত্র জারির জন্য উপ-প্রধান বয়লার পরিদর্শককে নির্দেশনা প্রদান করিবেন অথবা আবেদন নামঞ্জুর করিবেন;

(ঘ) নির্দেশনা প্রাপ্তির পর উপ-প্রধান বয়লার পরিদর্শক অবিলম্বে বয়লার ব্যবহারকারীর নামে তফসিল-৩ এ উল্লিখিত ফরম-প অনুযায়ী পত্র জারি করিবেন;

(ঙ) আবেদন নামঞ্জুর করা হইলে উহার কারণ উল্লেখপূর্বক ৭ (সাত) কার্যদিবসের মধ্যে বয়লার ব্যবহারকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে এবং আবেদনকারী উহার কারণ নিরসনপূর্বক পুনরায় আবেদন করিতে পারিবেন;

(চ) মেরামতের আবেদন মঞ্জুরের পর আবেদনকারী বয়লার মেরামতের জন্য পরিদর্শন ও পরীক্ষণের লক্ষ্যে তফসিল-৫ এ উল্লিখিত ফিসহ মেরামতের পরিকল্পনা (পরিদর্শন ও পরীক্ষণের তারিখ উল্লেখপূর্বক) উপ-প্রধান বয়লার পরিদর্শকের নিকট দাখিল করিবেন;

(ছ) উপ-প্রধান বয়লার পরিদর্শক মেরামতের পরিকল্পনা প্রাপ্তির পর বয়লার পরিদর্শক নিয়োজিত করিবেন;

(জ) বয়লার পরিদর্শক নির্ধারিত তারিখ বা যথাদ্রুত সম্ভব কোড অনুযায়ী বয়লার মেরামত কার্যক্রম পরিদর্শন ও পরীক্ষণ করিবেন এবং মেরামতের পর প্রতিবেদন ৩ (তিন) কার্যদিবসের মধ্যে উপ-প্রধান বয়লার পরিদর্শকের নিকট দাখিল করিবেন;

(ঝ) উপ-প্রধান বয়লার পরিদর্শক দলিলাদি ও প্রতিবেদন যাচাইপূর্বক অবিলম্বে প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন;

(ঞ) প্রধান বয়লার পরিদর্শক প্রতিবেদন প্রাপ্তির পর প্রতিবেদন যাচাই করিবেন এবং কোড অনুযায়ী বয়লার মেরামতকার্য সম্পাদন হইয়াছে মর্মে নিশ্চিত হন, তাহা হইলে কোড অনুযায়ী মেরামত সনদ প্রদান করিবেন অথবা নামঞ্জুর করিবেন; এবং

(ট) আবেদন নামঞ্জুর করা হইলে, উহার কারণ উল্লেখপূর্বক উপ-প্রধান বয়লার পরিদর্শক আবেদনকারীকে ৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবেন।

(২) মেরামতের অনুমোদনের তারিখ হইতে ৬ মাসের মধ্যে মেরামত কার্যক্রম সম্পন্ন করিতে হইবে।

২৯। **পরিদর্শন ও পরীক্ষণের প্রস্তুতি।**—(১) আইনের ধারা ২২ এর উপ-ধারা ১ এর দফা (ঝ) অনুযায়ী বয়লার পরিদর্শন ও পরীক্ষণের জন্য তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ফ অনুযায়ী বিজ্ঞপ্তি মোতাবেক বয়লার নিম্নরূপভাবে প্রস্তুত রাখিতে হইবে, যথা :—

(ক) সাধারণ প্রস্তুতি:

(অ) বিধি ২৩ অনুযায়ী বয়লার স্থাপন করিতে হইবে;

(আ) বয়লার পরিচালনাকারীকে উপস্থিত থাকিতে হইবে;

(ই) পরিদর্শন ও পরীক্ষণের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি প্রস্তুত রাখিতে হইবে।

(খ) পূর্ণাঙ্গ পরিদর্শন প্রস্তুতি:

(অ) পরিদর্শনের সময় নথি, লগবুক, ড্রইং-ডিজাইন ও সনদ উপস্থাপন করিতে হইবে;

(আ) বয়লার ঠান্ডা ও পানি শূন্য করিয়া যথাযথভাবে পরিষ্কার করিতে হইবে;

(ই) প্রযোজ্য ক্ষেত্রে, বয়লার ডি-স্কেলিং করিয়া বয়লারের সমস্ত অংশ পরিষ্কার করিতে হইবে;

(ঈ) ফ্রন্টডোর, ব্যাকডোর, ম্যানহোল, মাডহোল, হ্যান্ডহোল, সাইটহোল এর সকল অংশ খুলিয়া পরিষ্কার করিতে হইবে; এবং

(উ) সেফটি ভালভ, প্রেসার গেজ খুলিয়া পরীক্ষণের ব্যবস্থা করিতে হইবে।

(গ) জলীয় পরীক্ষণের প্রস্তুতি:

(অ) বয়লার ঠান্ডা ও পানি শূন্য করিয়া যথাযথভাবে পরিষ্কার করিতে হইবে;

(আ) প্রযোজ্য ক্ষেত্রে, বয়লার ডি-স্কেলিং করিয়া বয়লারের সমস্ত অংশ পরিষ্কার করিতে হইবে;

(ই) বয়লারের সেফটি ভালব অপসারণ করিয়া চেস্টের খোলা মুখ বন্ধ (bond flange দ্বারা) করিতে হইবে;

(ঈ) বয়লারের সহিত সংযুক্ত বাষ্প চাপের আয়ত্বাধীন সমস্ত মাউনটিংস যথাস্থানে রাখিয়া শক্ত করিয়া বন্ধ করিতে হইবে; এবং

(উ) বয়লার পানি দ্বারা সম্পূর্ণ পূর্ণ করিবার এবং এয়ার কক দ্বারা বাহির করিবার ব্যবস্থা থাকিতে হইবে।

(ঘ) সেফটি ভালভ সেট ও টেস্টের প্রস্তুতি:

(অ) বয়লারটি পরিচালনার জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা থাকিতে হইবে;

(আ) পরিদর্শনের সময় নথি, লগবুক, ড্রইং-ডিজাইন ও সনদ উপস্থাপন করিতে হইবে;

(ই) সেফটি ভালভ, প্রেসার গেজ খুলিয়া পরীক্ষণের ব্যবস্থা করিতে হইবে;

(ঈ) বয়লারের সহিত সংযুক্ত বাষ্প চাপের আয়ত্বাধীন সমস্ত মাউনটিংস যথাস্থানে রাখিয়া শক্ত করিয়া বন্ধ করিতে হইবে; এবং

(উ) বয়লার পানি দ্বারা পূর্ণ করিবার এবং বায়ু নির্গমন কর্ক দ্বারা বাহির করিবার ব্যবস্থা থাকিতে হইবে; এবং

(ঙ) নন-ডেস্ট্রাকটিভ টেস্টের (থিকনেস গেজিং টেস্ট, আলট্রাসনিক বা রেডিওগ্রাফিক টেস্ট, ভিডিওস্কোপি টেস্ট, ইত্যাদি) প্রস্তুতি:

(অ) পরিদর্শনের সময় নথি, লগবুক, ড্রইং-ডিজাইন ও সনদ উপস্থাপন করিতে হইবে;

(আ) বয়লার ঠান্ডা ও পানি শূন্য করিয়া যথাযথভাবে পরিষ্কার করিতে হইবে;

(ই) বয়লারের সকল ইনসুলেশন ও কভার খুলিয়া পরিষ্কার রাখিতে হইবে;

(ঈ) ফ্রন্টডোর, ব্যাকডোর, ম্যানহোল, মাডহোল, হ্যান্ডহোল, সাইটহোল এর সকল অংশ খুলিয়া পরিষ্কার করিতে হইবে; এবং

(উ) সেফটি ভালভ, প্রেসার গেজ খুলিয়া পরীক্ষণের ব্যবস্থা করিতে হইবে।

(২) বয়লার পরিদর্শন ও পরীক্ষণের পর তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ফ অনুযায়ী প্রতিবেদন প্রদান করা হইবে।

৩০। **বয়লারে ব্যবহৃত পানির মানমাত্রা।**—(১) আইনের ধারা ২১ এর দফা (চ) অনুযায়ী বয়লারে ব্যবহৃত ফিড ওয়াটার ও বয়লার ওয়াটারে দ্রবীভূত পদার্থের মানমাত্রা (parameter) নিয়ন্ত্রণপূর্বক বয়লার ব্যবহার করিতে হইবে।

(২) ফিড ওয়াটার ও বয়লার ওয়াটারের মানমাত্রা বয়লার যে কোড অনুযায়ী নির্মিত হইয়াছে উক্ত কোড দ্বারা উহা নির্ধারিত হইবে।

(৩) পানির মানমাত্রা নিয়ন্ত্রণের জন্য কোড অনুযায়ী পানি পরিশোধন প্ল্যান্ট স্থাপন এবং নিয়মিত পরিচালনা (কার্যক্ষম) ও রক্ষণাবেক্ষণ করিতে হইবে।

(৪) বয়লার পরিদর্শক বয়লার ব্যবহারের সনদ প্রদানের পূর্বে পানির মানমাত্রা নিশ্চিত করিবেন।

(৫) পানির মানমাত্রা নিশ্চিতকল্পে পানি পরীক্ষণের জন্য ব্যবহৃত ল্যাবরেটরি বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড কর্তৃক এ্যাক্রেডিটেশন সনদপ্রাপ্ত হইতে হইবে।

৩১। **বয়লার রক্ষণাবেক্ষণ।**—(১) বয়লার ব্যবহারকারীকে নিম্নরূপভাবে বয়লার রক্ষণাবেক্ষণ করিতে হইবে, যথা:—

(ক) বয়লার নিয়মিত পরিষ্কারকরণ;

(খ) প্রযোজ্য ক্ষেত্রে, ডি-স্কেলিং;

(গ) জলীয় পরীক্ষণ, লো-ওয়াটার কাট অব পরীক্ষণ, বার্নার অটোমেশন পরীক্ষণ, সেফটি ভালভ সেট ও টেস্ট, ইত্যাদি;

(ঘ) কোড অনুযায়ী দৈনিক, সাপ্তাহিক, মাসিক, বার্ষিক পদ্ধতিতে রক্ষণাবেক্ষণ;

(ঙ) লগবুকে তথ্য লিপিবদ্ধকরণ; এবং

(চ) বন্ধ বয়লার কোড অনুযায়ী সংরক্ষণ।

(২) বয়লার ব্যবহারকারী কর্তৃক নিয়োগকৃত বয়লার পরিচালনাকারী নিজে বয়লার রক্ষণাবেক্ষণ করিবেন এবং, প্রয়োজনে, বয়লার নির্মাণকারী বা মেরামতকারীর মাধ্যমে বয়লার রক্ষণাবেক্ষণ কার্যক্রম পরিচালনা করিতে পারিবেন।

৩২। **জরিমানা আদায়।**—(১) আইনের ধারা ৩১ এ বর্ণিত কারণসমূহের জন্য, প্রধান বয়লার পরিদর্শক, উপ-প্রধান বয়লার পরিদর্শকগণের সহিত পরামর্শক্রমে বয়লারের আকারভেদে জরিমানার সর্বনিম্ন পরিমাণ নির্ধারণ করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন নির্ধারিত সময়ে জরিমানা অনাদায়ে বয়লার ব্যবহারকারীর বিরুদ্ধে আইনের ধারা ২৭ প্রয়োগ করা যাইবে।

(৩) আইনের ধারা ৩১ এর উপ-ধারা (১) এর দফা (ক) অনুযায়ী কারণ দর্শানোর ক্ষেত্রে বয়লার ব্যবহারের সনদের মেয়াদ উত্তীর্ণ হইবার পর অবিলম্বে সরেজমিনে বয়লার পরিদর্শন করিতে হইবে।

৩৩। **প্রধান বয়লার পরিদর্শক কর্তৃক আপিল নিষ্পত্তির পদ্ধতি**।—আইনের ধারা ৩২ এর উদ্দেশ্য পূরণকল্পে, প্রধান বয়লার পরিদর্শক কর্তৃক আপিল নিষ্পত্তির পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) কোনো ব্যক্তিকে আপিলের জন্য সংশ্লিষ্ট দলিলাদিসহ প্রধান বয়লার পরিদর্শকের নিকট আবেদন করিতে হইবে;

(খ) প্রধান বয়লার পরিদর্শক আপিলের আবেদন প্রাপ্তির পর সংশ্লিষ্ট নথি ও আবেদন যাচাইপূর্বক শুনানি করিয়া বা ২ (দুই) সদস্যের ১ (এক) টি কমিটি কর্তৃক পরিদর্শন ও তদন্ত করিয়া সিদ্ধান্ত গ্রহণ করিবেন; এবং

(গ) প্রধান বয়লার পরিদর্শক কর্তৃক গৃহীত সিদ্ধান্ত আপিল নিষ্পত্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

৩৪। **বোর্ড কর্তৃক আপিল নিষ্পত্তির পদ্ধতি**।—আইনের ধারা ৩৩ এর উদ্দেশ্য পূরণকল্পে, বোর্ড কর্তৃক আপিল নিষ্পত্তির পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) কোনো ব্যক্তি বোর্ডের নিকট আপিল করিলে বোর্ড প্রধান বয়লার পরিদর্শক কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত পরীক্ষা-নিরীক্ষাপূর্বক আপিল নিষ্পত্তি করিবে;

(খ) বোর্ড, প্রয়োজনে, সদস্যগণের উপস্থিতিতে আবেদনকারীর শুনানি গ্রহণ করিতে পারিবে; এবং

(গ) বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্ত আপিল নিষ্পত্তির ৭(সাত) কার্যদিবসের মধ্যে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিতে হইবে।

৩৫। **বয়লার নিবন্ধন বাতিলের পদ্ধতি**।—(১) আইনের ধারা ২০ এর উপ-ধারা (৪) অনুযায়ী বয়লার নিবন্ধন বাতিলের পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) আইনের ধারা ২০ এর উপ-ধারা (২) অনুযায়ী কারণ দর্শানোর নোটিশ প্রদানের পূর্বে বয়লারটি সরেজমিনে পরিদর্শন করিতে হইবে;

(খ) কারণ দর্শানোর নোটিশ প্রদানের পর যথাসময়ে উহার জবাব পাওয়া না গেলে অথবা জবাব যুক্তিযুক্ত না হইলে উপ-প্রধান বয়লার পরিদর্শক, প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রতিবেদন প্রেরণ করিবেন;

(গ) প্রতিবেদন প্রাপ্তির পর ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক যাচাইপূর্বক বা, প্রয়োজনীয় ক্ষেত্রে, ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক পরিদর্শন ও পরীক্ষণপূর্বক প্রধান বয়লার পরিদর্শক—

(অ) নিবন্ধন বাতিলের অনুমোদন প্রদান করিবেন; অথবা

(আ) পুনরায় বয়লার পরিদর্শন ও পরীক্ষণের জন্য নির্দেশনা প্রদান করিবেন;

(ঘ) অনুমোদন প্রাপ্তির পর উপ-প্রধান বয়লার পরিদর্শক অবিলম্বে বয়লারের নিবন্ধন বাতিলের পত্র জারি করিবেন;

(ঙ) নিবন্ধন বাতিল করা হইলে বয়লার ব্যবহারকারী উহা পুনঃবিবেচনার জন্য প্রধান বয়লার পরিদর্শক বরাবর ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে আবেদন করিতে পারিবেন; এবং

(চ) দফা (ঙ) এর অধীন আবেদন করা হইলে প্রধান বয়লার পরিদর্শক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উহা নিষ্পত্তি করিবেন।

(২) বয়লার ব্যবহারকারী প্রতিষ্ঠান বিলুপ্ত হইলে অথবা বয়লার নিবন্ধন বাতিলের জন্য আবেদন করা হইয়াছে এইরূপ বয়লারের নিবন্ধন কারণ দর্শানোর নোটিশ প্রদান ব্যতিরেকেই বাতিল করা যাইবে।

(৩) কোনো বয়লারের আয়ুষ্কাল অতিক্রান্ত হইলে অথবা সাময়িক বন্ধের বিষয়ে অবহিত না করিয়া একাদিক্রমে ৫ (পাঁচ) বৎসর নবায়ন করা না হইলে স্বয়ংক্রিয়ভাবে উক্ত বয়লারের নিবন্ধন বাতিল বলিয়া গণ্য হইবে।

(৪) বয়লার কর্মোপযোগী না থাকিবার কারণে নিবন্ধন বাতিলের ক্ষেত্রে বয়লার এইরূপভাবে বিনষ্ট করিতে হইবে যেন উহা পরবর্তীতে কোনোভাবেই পরিচালনা করা সম্ভব না হয়।

## পঞ্চম অধ্যায়

## বয়লার পরিচালনা, ইত্যাদি

৩৬। **পরীক্ষক কমিটি গঠন।**—(১) আইনের ধারা ৯ এর উদ্দেশ্য পূরণকল্পে, বয়লার পরিচালনা লাইসেন্স প্রদানের বিষয়ে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে ১ (এক) টি পরীক্ষক কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) প্রধান বয়লার পরিদর্শক বা তৎকর্তৃক মনোনীত কোনো কর্মকর্তা, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) কোনো স্বীকৃত প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কর্তৃক মনোনীত উক্ত বিশ্ববিদ্যালয়ের যন্ত্রকৌশল বিভাগের অন্যূন ১ (এক) জন সহকারী অধ্যাপক;

(গ) সরকার কর্তৃক মনোনীত বয়লার ব্যবহারকারী সরকারি প্রতিষ্ঠান হইতে বয়লার সম্পর্কে অভিজ্ঞ ২ (দুই) জন যন্ত্রপ্রকৌশলী; এবং

(ঘ) ১ (এক) জন উপ-প্রধান বয়লার পরিদর্শক বা বয়লার পরিদর্শক, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-বিধি (১) এর দফা (খ) ও (গ) তে বর্ণিত মনোনীত সদস্যের মেয়াদ হইবে ৫ (পাঁচ) বৎসর:

তবে শর্ত থাকে যে, উক্ত সদস্য সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন:

আরও শর্ত থাকে যে, কোনো সদস্য ৬ (ছয়) মাস কমিটির কার্যক্রমে অনুপস্থিত থাকিলে বা সরকার, প্রয়োজনে, উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে যে কোনো সময় কারণ দর্শানো ব্যতিরেকে উক্তরূপে মনোনীত সদস্যকে অপসারণ করিতে পারিবে।

৩৭। **পরীক্ষক কমিটির কার্যপরিধি।**- কমিটির কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) লাইসেন্স প্রাপ্তির আবেদনপত্র যাচাই-বাছাই ও পরীক্ষা গ্রহণ;

(খ) লাইসেন্স প্রদান ও বাতিলের বিষয়ে সুপারিশ প্রদান;

(গ) লাইসেন্সধারী ব্যক্তির অদক্ষতা, অবহেলা বা অসদাচরণের অভিযোগ তদন্তকরণ ও মতামত প্রদান; এবং

(ঘ) সরকার কর্তৃক, সময় সময়, অর্পিত অন্যান্য দায়িত্ব পালন।

৩৮। **পরীক্ষক কমিটির সভা ও কোরাম।**—(১) এই বিধির অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, পরীক্ষক কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) কমিটির সভা সভাপতির সম্মতিক্রমে, উহার সদস্য-সচিব কর্তৃক আহুত হইবে এবং উহা সভাপতি কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হইবে।

(৩) অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে পরীক্ষক কমিটির সভার কোরাম হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোরামের প্রয়োজন হইবে না।

(৪) পরীক্ষক কমিটির সকল সভায় সভাপতি সভাপতিত্ব করিবেন, তবে সভাপতির অনুপস্থিতিতে তৎকর্তৃক মনোনীত কোনো সদস্য সভায় সভাপতিত্ব করিতে পারিবেন।

(৫) পরীক্ষক কমিটির সভায় উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যগণের মতামতের ভিত্তিতে সকল সিদ্ধান্ত গৃহীত হইবে।

(৬) কমিটির সভাপতি ও সদস্যগণ পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে তফসিল-৭ এ বর্ণিত হারে সম্মানি প্রাপ্য হইবেন।

৩৯। **বয়লার পরিচালনা লাইসেন্সের আবেদনকারীর যোগ্যতা।**—আইনের ধারা ৯ এর উপ-ধারা (৭) অনুযায়ী কোনো ব্যক্তির বয়লার পরিচালনার লাইসেন্স প্রাপ্তির আবেদনের যোগ্যতা হইবে নিম্নরূপ, যথা:—

| ক্রমিক নং | লাইসেন্সের গ্রেড | বয়স | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | গ্রেড-১ | অন্যূন ৩১ (একত্রিশ) বৎসর | (ক) গ্রেড-২ এর লাইসেন্স প্রাপ্তির পর অন্যূন ৬ (ছয়) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(খ) তফসিল ১ এ বর্ণিত বিষয়ে গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | লাইসেন্সের গ্রেড | বয়স | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ২। | গ্রেড-২ | অন্যূন ২৫ (পঁচিশ) বৎসর | (ক) গ্রেড-৩ এর লাইসেন্স প্রাপ্তির পর অন্যূন ৬ (ছয়) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(খ) তফসিল ১ এ বর্ণিত বিষয়ে গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩। | গ্রেড-৩ | অন্যূন ১৯ (উনিশ) বৎসর | (ক) অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) তালিকাভুক্ত প্রতিষ্ঠান হইতে প্রশিক্ষণ গ্রহণ;<br>(গ) বয়লারে শিক্ষানবিশ হিসাবে অন্যূন ১ (এক) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা;<br>(ঘ) তফসিল ১ এ বর্ণিত বিষয়ে গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

৪০। **বয়লার পরিচালনা লাইসেন্স প্রদানের জন্য প্রয়োজনীয় দলিলাদি।**—আইনের ধারা ৯ এর উপ-ধারা (২) অনুযায়ী বয়লার পরিচালনা লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত সত্যায়িত দলিলাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি;

(খ) শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি;

(গ) অভিজ্ঞতা সনদের অনুলিপি;

(ঘ) প্রশিক্ষণ সনদের অনুলিপি;

(ঙ) পাসপোর্ট সাইজের ছবি;

(চ) নিম্নতর গ্রেডের লাইসেন্সের অনুলিপি (প্রযোজ্য ক্ষেত্রে); এবং

(ছ) ফি প্রদানের প্রমাণক বা ট্রেজারি বা অটোমেটেড চালানের কপি।

৪১। **বয়লার পরিচালনা লাইসেন্স প্রদান পদ্ধতি।**—আইনের ধারা ৯ এর উপ-ধারা (৭) অনুযায়ী বয়লার পরিচালনা লাইসেন্স প্রদানের পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) আবেদনকারীকে তফসিল-৬ এ উল্লিখিত ফিসহ তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ব অনুযায়ী কমিটির সদস্য-সচিব বরাবর আবেদন দাখিল করিতে হইবে;

(খ) আবেদন প্রাপ্তির পর কমিটি উহা যাচাই-বাছাইপূর্বক আবেদনের যোগ্য প্রার্থী এবং অযোগ্যতার কারণ উল্লেখপূর্বক অযোগ্য প্রার্থীদের তালিকা প্রস্তুত ও প্রকাশ করিবে;

(গ) আবেদনের যোগ্য প্রার্থীদের পরীক্ষা গ্রহণের নিমিত্ত কমিটি পরীক্ষার স্থান ও সময় নির্ধারণপূর্বক পরীক্ষার সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করিবে;

(ঘ) কমিটি পরীক্ষায় কৃতকার্য ও অকৃতকার্য প্রার্থীদের তালিকা প্রণয়নপূর্বক কৃতকার্য প্রার্থীদের লাইসেন্স প্রদানের জন্য প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রতিবেদন দাখিল করিবে;

(ঙ) প্রধান বয়লার পরিদর্শক প্রতিবেদন যাচাই-বাছাইপূর্বক সুপারিশকৃত প্রার্থীদের নামে লাইসেন্স প্রদানের অনুমোদন প্রদান করিবেন;

(চ) অনুমোদন প্রাপ্তির পর উপ-প্রধান বয়লার পরিদর্শক তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ভ অনুযায়ী বয়লার পরিচালনা লাইসেন্স প্রদান করিবেন; এবং

(ছ) নিম্ন গ্রেডের লাইসেন্সধারীকে উচ্চ গ্রেডের লাইসেন্স গ্রহণের ক্ষেত্রে পূর্বের লাইসেন্স ফেরত প্রদান করিতে হইবে।

৪২। **বয়লার পরিচালনা লাইসেন্স নবায়নের জন্য প্রয়োজনীয় দলিলাদি।**—আইনের ধারা ১০ এর উপ-ধারা (১) অনুযায়ী বয়লার পরিচালনা লাইসেন্স নবায়নের জন্য আবেদনকারীকে আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত সত্যায়িত দলিলাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি;

(খ) বয়লার পরিচালনা সনদের অনুলিপি;

(গ) সংশ্লিষ্ট কারখানার অভিজ্ঞতার সনদপত্র;

(ঘ) পাসপোর্ট সাইজের ছবি; এবং

(ঙ) ফি প্রদানের প্রমাণক বা ট্রেজারি বা অটোমেটেড চালানের কপি।

৪৩। **বয়লার পরিচালনা লাইসেন্স নবায়ন পদ্ধতি।**—আইনের ধারা ১০ এর উপ-ধারা (৫) অনুযায়ী বয়লার পরিচালনা লাইসেন্স নবায়নের জন্য আবেদন দাখিল ও নবায়ন পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) বয়লার পরিচালনাকারীকে লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের ১ (এক) মাস পূর্বে তফসিল-৬ এ উল্লিখিত ফিসহ তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ব অনুযায়ী আবেদন দাখিল করিতে হইবে;

(খ) আবেদন প্রাপ্তির পর উহা সংশ্লিষ্ট উপ-প্রধান বয়লার পরিদর্শক যাচাই-বাছাইপূর্বক যোগ্য প্রার্থী এবং অযোগ্যতার কারণ উল্লেখপূর্বক অযোগ্য প্রার্থীদের তালিকা প্রস্তুত ও প্রকাশ করিবে;

(গ) যোগ্য প্রার্থীদের তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট উপ-প্রধান বয়লার পরিদর্শক তফসিল-৩ এ উল্লিখিত ফরম-ভ অনুযায়ী লাইসেন্স নবায়ন করিবেন এবং লাইসেন্স প্রদানের তারিখ ও সময় নির্ধারণপূর্বক বিজ্ঞপ্তি প্রকাশ করিবেন; এবং

(ঘ) বিজ্ঞপ্তি অনুযায়ী নির্ধারিত তারিখ ও সময়ে বয়লার পরিচালনাকারী স্বহস্তে স্বাক্ষরপূর্বক লাইসেন্স গ্রহণ করিবেন:

তবে শর্ত থাকে যে, কোনো লাইসেন্স নবায়নের আবেদন নামঞ্জুর করা হইলে আবেদনকারী নামঞ্জুরের কারণসমূহ নিরসন করিয়া তফসিল-৬ এ উল্লিখিত ফি প্রদানপূর্বক পুনরায় নবায়নের আবেদন করিতে পারিবেন।

৪৪। **পরীক্ষার ফি বাতিল।**—আবেদনে ত্রুটি বা অন্য কোনো কারণে আবেদন বাতিল হইলে এবং নির্ধারিত স্থান ও সময়ে পরীক্ষায় অংশগ্রহণ করিতে না পারিলে স্বয়ংক্রিয়ভাবে উক্ত পরীক্ষার ফি বাতিল বলিয়া গণ্য হইবে।

৪৫। **পরীক্ষা গ্রহণ।**—বয়লার পরিচালনা লাইসেন্স প্রদানের ক্ষেত্রে তফসিল ১ এ বর্ণিত বিষয়ে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হইবে এবং পরীক্ষক কমিটি প্রয়োজন মনে করিলে, বয়লার ব্যবহৃত হয় এইরূপ যে কোনো কারখানা বা প্রতিষ্ঠানে পরীক্ষা গ্রহণ করিতে পারিবে।

৪৬। **আবেদন বাতিল।**—কোনো যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়িলে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করিলে বা কোনো উল্লেখযোগ্য ভুলত্রুটি পরিলক্ষিত হইলে আবেদন বাতিল হইবে এবং, ক্ষেত্র বিশেষে, প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাইবে।

৪৭। **পরীক্ষায় সহায়তাকারী কর্মচারী।**—পরীক্ষায় সহায়তা প্রদানের জন্য প্রত্যক্ষভাবে সম্পৃক্ত সকল কর্মচারী তফসিল-৭ এ বর্ণিত হারে সম্মানি প্রাপ্য হইবেন।

৪৮। **অবিকল নকল (duplicate)।**—এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স হারাইয়া গেলে বা নষ্ট হইয়া গেলে বিধি ৫৬ এ উল্লিখিত ফি পরিশোধপূর্বক লাইসেন্সের অবিকল নকল (duplicate) লাইসেন্স সরবরাহ করা যাইবে এবং অবিকল নকল লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীকে আবেদনপত্রের সহিত নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করিতে হইবে, যথা:—

(ক) সাধারণ ডায়েরির অনুলিপি;

(খ) লাইসেন্সের অনুলিপি বা লাইসেন্স নম্বর;

(গ) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি;

(ঘ) পাসপোর্ট সাইজের ছবি; এবং

(ঙ) ফি প্রদানের প্রমাণক বা ট্রেজারি বা অটোমেটেড চালানের কপি।

৪৯। **বয়লার পরিচালনা লাইসেন্স বাতিলের পদ্ধতি।**—আইনের ধারা ১১ এর উপ-ধারা (৪) অনুযায়ী বয়লার পরিচালনা লাইসেন্স বাতিলের পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) পরীক্ষক কমিটি লাইসেন্স বাতিলের কারণ তদন্ত বা যাচাইপূর্বক প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রতিবেদন দাখিল করিবে;

(খ) প্রতিবেদন প্রাপ্তির পর প্রধান বয়লার পরিদর্শক আইনের ধারা ১১ এর উপ-ধারা (২) অনুসরণপূর্বক বয়লার পরিচালনা লাইসেন্স বাতিল করিবেন; এবং

(গ) বয়লার পরিচালনা লাইসেন্স বাতিল করা হইলে উহার মূলকপি প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ে ফেরত প্রদান করিতে হইবে।

৫০। **পরীক্ষার বিষয়াদি।**—আইনের ধারা ৯ ও ১০ এর উদ্দেশ্য পূরণকল্পে, তফসিল-১ এ উল্লিখিত বিষয়াদি বয়লার পরিচালনা লাইসেন্স প্রদানের পরীক্ষার বিষয়াবলি হইবে।

৫১। **বয়লার পরিচালনাকারী নিয়োগ।**—(১) আইনের ধারা ২২ এর উপ-ধারা (১) এর দফা (ঙ) অনুযায়ী বয়লার ব্যবহারকারীকে বয়লারের আকারভেদে নিম্নরূপ শর্তাদি প্রতিপালন সাপেক্ষে বয়লার পরিচালনাকারী নিয়োগ করিতে হইবে, যথা:—

(ক) হিটিং সারফেস সর্বোচ্চ ১৫০০ (এক হাজার পাঁচশত) বর্গফুট পর্যন্ত বয়লারের জন্য অন্যূন গ্রেড-৩ লাইসেন্সধারী ন্যূনতম ১ (এক) জন বয়লার পরিচালনাকারী এবং একাধিক বয়লারের ক্ষেত্রে সার্বিক তত্ত্বাবধানের জন্য গ্রেড-২ বা গ্রেড-১ লাইসেন্সধারী ১ (এক) জন বয়লার পরিচালনাকারী;

(খ) হিটিং সারফেস ১৫০০ (এক হাজার পাঁচশত) হইতে ৫০০০ (পাঁচ হাজার) বর্গফুট পর্যন্ত বয়লারের জন্য অন্যূন গ্রেড-২ লাইসেন্সধারী ন্যূনতম ১ (এক) জন বয়লার পরিচালনাকারী এবং একাধিক বয়লারের ক্ষেত্রে সার্বিক তত্ত্বাবধানের জন্য গ্রেড-১ লাইসেন্সধারী ১ (এক) জন বয়লার পরিচালনাকারী;

(গ) হিটিং সারফেস ৫০০০ (পাঁচ হাজার) বর্গফুটের অধিক বয়লারের ক্ষেত্রে গ্রেড-১ লাইসেন্সধারী ন্যূনতম ১(এক) জন বয়লার পরিচালনাকারী; এবং

(ঘ) বয়লার পরিচালনাকারীর দৈনিক কর্মঘণ্টা হইবে সর্বোচ্চ ৮ (আট) ঘণ্টা।

(২) বয়লার ব্যবহারকারীকে বয়লার পরিচালনাকারী নিয়োগের পর লাইসেন্সের কপিসহ বিস্তারিত বিবরণ সংশ্লিষ্ট উপ-প্রধান বয়লার পরিদর্শকের নিকট প্রেরণ করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) এ নিয়োগকৃত কোনো বয়লার পরিচালনাকারীকে বয়লার ছাড়া অন্য কোনো যন্ত্র পরিচালনার কাজে বাধ্য করা যাইবে না।

(৪) বয়লার পরিচালনাকারীর নামে প্রচলিত বিধি অনুযায়ী ঝুঁকি বিমা করিতে হইবে।

(৫) বয়লার ব্যবহারকারীকে আকারভেদে প্রত্যেকটি বয়লারের জন্য বিধি ৩৯ এর ক্রমিক নম্বর ৩ এ বর্ণিত প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন অন্যূন ১ (এক) জন শিক্ষানবিশ নিয়োগ করিতে হইবে।

(৬) হিটিং সারফেস ৫০০০ (পাঁচ হাজার) বর্গফুট হইতে ১০০০০ (দশ হাজার) বর্গফুট পর্যন্ত একক বা পৃথক বা সংযুক্ত বয়লারের ক্ষেত্রে সার্বিক তত্ত্বাবধানের জন্য তালিকাভুক্ত প্রতিষ্ঠান হইতে প্রশিক্ষণপ্রাপ্ত অন্যূন ডিপ্লোমা ডিগ্রিধারী অন্যূন একজন যন্ত্রপ্রকৌশলী নিয়োগ করিতে হইবে।

(৭) হিটিং সারফেস ১০০০০ (দশ হাজার) বর্গফুটের অধিক একক বা পৃথক বা সংযুক্ত বয়লারের ক্ষেত্রে সার্বিক তত্ত্বাবধানের জন্য তালিকাভুক্ত প্রতিষ্ঠান হইতে প্রশিক্ষণপ্রাপ্ত অন্যূন স্নাতক ডিগ্রিধারী অন্যূন একজন যন্ত্রপ্রকৌশলী নিয়োগ করিতে হইবে।

৫২। **বাষ্প (Steam) উৎপাদন ও বিক্রয়।**—(১) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে চাপযুক্ত বাষ্প উৎপাদন কার্যে বাধ্যতামূলকভাবে আইন ও বিধিমালা অনুসরণপূর্বক বয়লার ব্যবহার করিতে হইবে।

(২) বয়লার ব্যবহারকারী নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে বাষ্প বিক্রয় করিতে পারিবে, যথা:—

(ক) বয়লার ব্যবহারকারীকে বাষ্প বিক্রয়ের পূর্বে প্রধান বয়লার পরিদর্শকের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে;

(খ) বয়লার ও বাষ্পনলের দাপ্তরিক সকল কার্যক্রম বয়লার ব্যবহারকারীর দায়িত্বে থাকিবে;

(গ) বয়লার ও বাষ্পনলের স্থাপন ও অন্যান্য কারিগরি বিষয়াদি (মেরামত, রক্ষণাবেক্ষণ, পরীক্ষণ, ইত্যাদি) বয়লার ব্যবহারকারীর দায়িত্বে থাকিবে; এবং

(ঘ) বয়লারের কোনো দুর্ঘটনা অথবা আইন ও এই বিধিমালার কোনো বিধান লঙ্ঘনের জন্য বয়লার ব্যবহারকারী (বাষ্প বিক্রয়কারী) দায়ী থাকিবেন।

## ষষ্ঠ অধ্যায়
## ফি, ইত্যাদি

৫৩। **বয়লার পরিচালনা লাইসেন্সের জন্য ফি।**—আইনের ধারা ৯ এর উপ-ধারা (৭) এবং ধারা ১০ এর উপ-ধারা (৫) এর উদ্দেশ্য পূরণকল্পে, বয়লার পরিচালনা লাইসেন্স প্রদান ও নবায়নের নিমিত্ত তফসিল-৬ এ বর্ণিত হারে ফি আরোপিত হইবে।

৫৪। **তালিকাভুক্তি ফি।**—আইনের ধারা ১৪ এর উপ-ধারা (৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, বয়লার নির্মাণকারী প্রতিষ্ঠান, বয়লার মেরামতকারী প্রতিষ্ঠান, বয়লার ঝালাই পরীক্ষণ প্রতিষ্ঠান, বয়লার ইনডেন্টর প্রতিষ্ঠান, বয়লার পরিদর্শনকারী প্রতিষ্ঠান ও বয়লার বিষয়ক প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তির নিমিত্ত তফসিল-৪ এ বর্ণিত হারে ফি আরোপিত হইবে:

তবে শর্ত থাকে যে, সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের জন্য তালিকাভুক্তি ফি প্রযোজ্য হইবে না।

৫৫। **বয়লার পরিদর্শন ও পরীক্ষণ, বয়লারের ড্রইং-ডিজাইন অনুমোদন এবং বয়লার ব্যবহারের সনদ নবায়ন ফি।**—(১) বয়লার নির্মাণ বা সংযোজন, বয়লার নিবন্ধন, বয়লার মেরামত, বয়লার ব্যবহারের সনদ নবায়ন, বয়লারের নাম বা ঠিকানা পরিবর্তন, ঝুঁকিপূর্ণ বয়লার পরিদর্শন বা অন্যান্য যে কোনো কার্য সম্পাদনের নিমিত্ত প্রত্যেকবার বয়লার পরিদর্শন ও পরীক্ষণ, বয়লার নির্মাণ বা সংযোজন, আমদানি ও মেরামত কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে ড্রইং-ডিজাইন অনুমোদন এবং বয়লার ব্যবহারের সনদ নবায়নের জন্য তফসিল-৫ এ বর্ণিতহারে ফি আরোপিত হইবে।

(২) আইনের ধারা ২৩ এর উপ-ধারা (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে, বয়লার হস্তান্তর বা স্থানান্তরের ক্ষেত্রে বয়লার ব্যবহারকারীর নাম বা ঠিকানা পরিবর্তনের জন্য তফসিল-৫ এ বর্ণিত হারের দ্বিগুণ ফি আরোপিত হইবে।

(৩) আইনের ধারা ১৮ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে, বয়লার নিবন্ধনের জন্য তফসিল-৫ এ বর্ণিত হারের তিনগুণ ফি আরোপিত হইবে।

(৪) বয়লার ব্যবহারকারীর ত্রুটিযুক্ত বা অপ্রস্তুতকৃত বয়লার পুনরায় পরিদর্শনের জন্য এবং বয়লার নির্মাণের ক্ষেত্রে নির্মাণকারীর ভুল অথবা অবহেলার কারণে পরিদর্শন করা সম্ভব না হইলে পরিদর্শন বা পরীক্ষণের জন্য পুনরায় তফসিল-৫ এ বর্ণিত হারে ফি প্রদান করিতে হইবে।

৫৬। **অবিকল নকল লাইসেন্স বা সনদপত্রের জন্য ফি।**—প্রতি কপির জন্য ২ (দুই) হাজার টাকা ফি গ্রহণ সাপেক্ষে অবিকল নকল লাইসেন্স বা সনদপত্র ইস্যু করা যাইবে।

৫৭। **ফি প্রদান পদ্ধতি।**—(১) বিধি ৫৫ এ উল্লিখিত সকল ফি অর্থনৈতিক কোড ১৪১২৩১৩ এ ট্রেজারি বা অটোমেটেড চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

(২) বিধি ৩২ এ উল্লিখিত জরিমানা অর্থনৈতিক কোড ১৪৩১১০১ এ ট্রেজারি বা অটোমেটেড চালানের মাধ্যমে জমা প্রদান করিতে হইবে।

(৩) উপ-বিধি (১) ও (২) এর অধীন জমাকৃত ট্রেজারি বা অটোমেটেড চালানের মূলকপি আবেদনপত্রের সহিত প্রধান বয়লার পরিদর্শক বা উপ-প্রধান বয়লার পরিদর্শক বরাবর প্রেরণ করিতে হইবে এবং এতদ্‌বিষয়ে সরকার কর্তৃক, সময় সময়, জারীকৃত আদেশ অনুযায়ী ফি এর সহিত ভ্যাট ও ট্যাক্স আরোপিত হইবে।

৫৮। **অতিরিক্ত ফি বা অপ্রয়োজনীয় ফি সমন্বয়।**—কোনো কারণে অতিরিক্ত ফি বা অপ্রয়োজনীয় ফি প্রদান করা হইলে ফি প্রদানকারীর আবেদনের পরিপ্রেক্ষিতে পরবর্তী বৎসরের প্রদেয় ফি এর সহিত উহা সমন্বয় করা যাইবে।

৫৯। **বয়লার বোর্ডের সদস্যগণের সম্মানি।**—আইনের ধারা ৬ এর উপ-ধারা (৫) অনুযায়ী বয়লার বোর্ডের সদস্যগণ প্রতিটি সভায় অংশগ্রহণের জন্য ৭ (সাত) হাজার টাকা সম্মানি প্রাপ্য হইবেন এবং পরিদর্শনের জন্য প্রচলিত বিধি অনুযায়ী ভ্রমণ ভাতা প্রাপ্য হইবেন।

৬০। **ঝুঁকি ব্যবস্থাপনা।**—এই বিধিমালার আওতায় বয়লার সংক্রান্ত দুর্ঘটনা ও প্রাণহানি রোধকল্পে বয়লার ব্যবহারকারী কোড দ্বারা নিরূপিত ঝুঁকি ব্যবস্থাপনা অনুসরণ করিবে।

৬১। **দুর্ঘটনার তদন্তের জন্য কমিটি গঠন।**—(১) আইনের ধারা ২৮ এর উপ-ধারা (৪) এবং ধারা ৩০ এর উদ্দেশ্য পূরণকল্পে, বয়লার দুর্ঘটনা তদন্তের জন্য নিম্নবর্ণিত সদস্য সমন্বয় ১ (এক) টি কমিটি গঠিত হইবে নিম্নরূপ, যথা:—

(ক) প্রধান বয়লার পরিদর্শক কর্তৃক মনোনীত একজন কর্মকর্তা, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর সংশ্লিষ্ট এলাকার আঞ্চলিক কার্যালয়ের প্রধান;

(গ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের সংশ্লিষ্ট এলাকার আঞ্চলিক কার্যালয়ের প্রধান;

(ঘ) বয়লার ব্যবহারকারী সংশ্লিষ্ট এলাকার আঞ্চলিক পেশাজীবী সংগঠনের সাধারণ সম্পাদক;

(ঙ) প্রধান বয়লার পরিদর্শক কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট এলাকার গ্রেড-১ লাইসেন্সধারী ১ (এক) জন বয়লার পরিচালনাকারী; এবং

(চ) ১ (এক) জন বয়লার পরিদর্শক, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) দুর্ঘটনার প্রকৃতি বা পরিস্থিতি বিবেচনায় উপ-বিধি (১) এ বর্ণিত সদস্যের সংখ্যা হ্রাস বা বৃদ্ধি করা যাইবে।

(৩) কমিটির কার্যপরিধি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) প্রয়োজনে, যে কোনো যুক্তিযুক্ত সময় দুর্ঘটনার স্থান পরিদর্শন করিতে পারিবে;

(খ) পরিদর্শনকালীন সময়ে বয়লার ব্যবহারকারী, নির্মাণকারী বা সংশ্লিষ্ট যে কোনো ব্যক্তির সাক্ষ্য গ্রহণ করিতে পারিবে;

(গ) প্রয়োজনানুসারে চূড়ান্ত প্রতিবেদন প্রদানের পূর্বে সকল গোপনীয়তা রক্ষা করিবে;

(ঘ) নির্ধারিত সময়ের মধ্যে তদন্তপূর্বক প্রধান বয়লার পরিদর্শকের নিকট সুপারিশ বা প্রতিবেদন পেশ করিবে; এবং

(ঙ) বিধি ৬২ এর উপ-বিধি (২) এর বিধান সাপেক্ষে দুর্ঘটনার প্রকৃতি ও ব্যাপ্তি অনুসারে ক্ষতিপূরণের পরিমাণ নির্ধারণ করিবে।

(৪) কমিটির সদস্যগণ তফসিল-৭ এর ক্রমিক নং ২ এ বর্ণিত হারে সম্মানি ও প্রচলিত বিধি অনুযায়ী ভ্রমণ ভাতা প্রাপ্য হইবেন।

৬২। **দুর্ঘটনার ক্ষতিপূরণ।**—(১) কোনো বয়লারের দুর্ঘটনা ঘটিলে বা দুর্ঘটনার ফলে কোনো ব্যক্তির প্রাণহানি ঘটিলে বা ক্ষতি সাধিত হইলে আইনের ধারা ৩০ অনুযায়ী বয়লার ব্যবহারকারী কর্তৃক ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে ক্ষতিপূরণ প্রদান করিতে হইবে।

(২) বিধি ৬১ অনুযায়ী গঠিত তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে ক্ষতিপূরণ নির্ধারিত হইবে এবং উহার পরিমাণ ও পরিশোধের পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) ১৫০০ (এক হাজার পাঁচশত) বর্গফুট হিটিং সারফেস পর্যন্ত বয়লারের ক্ষেত্রে প্রাণহানির জন্য প্রত্যেক ব্যক্তি সর্বোচ্চ ১৫ (পনেরো) লক্ষ টাকা এবং ১৫০০ (এক হাজার পাঁচশত) বর্গফুটের অধিক হিটিং সারফেস বয়লারের ক্ষেত্রে প্রাণহানির জন্য প্রত্যেক ব্যক্তি সর্বোচ্চ ২৫ (পঁচিশ) লক্ষ টাকা;

(খ) শারীরিক ক্ষয়ক্ষতি (অঙ্গহানি) এর ব্যাপ্তি অনুসারে প্রত্যেক ব্যক্তি অন্যূন ১ (এক) লক্ষ টাকা হইতে অনধিক ১০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত;

(গ) ক্ষতিপূরণের অর্থ ক্ষতিগ্রস্ত ব্যক্তি নিজে বা তাহার উত্তরাধিকারী প্রাপ্য হইবেন;

(ঘ) ক্ষতিপূরণের অর্থ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা তাহার উত্তরাধিকারীকে পরিশোধ করিতে হইবে; এবং

(ঙ) ক্ষতিপূরণ অনাদায়ে বয়লার ব্যবহারকারীর নামে ক্ষতিগ্রস্ত ব্যক্তি বা প্রতিনিধি (পরিবারের সদস্য) আদালতে মামলা দায়ের করিতে পারিবেন।

## সপ্তম অধ্যায়

## বিবিধ

৬৩। **আইনের ধারা ১৪ বা ধারা ২৫ লঙ্ঘনের দণ্ড।**—যদি কোনো ব্যক্তি আইনের ধারা ১৪ বা ধারা ২৫ প্রতিপালনে অস্বীকার করেন বা বাধা প্রদান করেন অথবা ভঙ্গ করিয়া কোনো কার্যক্রম সংঘটন করেন, তাহা হইলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ২ (দুই) বৎসরের কারাদণ্ড বা অনধিক ২ (দুই) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৬৪। **বিধি ৫ বা বিধি ৪ লঙ্ঘনের দণ্ড।**—প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের কোনো কর্মচারী আইন ও বিধি ৫ বা বিধি ৪ অথবা এই বিধিমালার অন্য কোনো বিধান লঙ্ঘন করিলে বা লঙ্ঘন করিয়া প্রতিবেদন, পত্র, লাইসেন্স বা সনদ প্রদান করিলে উহা অসদাচরণ বলিয়া গণ্য হইবে এবং তজ্জন্য তিনি সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এ বর্ণিত দণ্ডে দণ্ডিত হইবেন।

৬৫। **বিধি ৩, বিধি ৩১, বিধি ৫১ বা বিধি ৫২ লঙ্ঘনের দণ্ড।**—যদি কোনো ব্যক্তি বিধি ৩ বা বিধি ৩১, বিধি ৫১ বা বিধি ৫২ প্রতিপালনে অস্বীকার করেন বা বাধা প্রদান করেন অথবা ভঙ্গ করিয়া কোনো বয়লার ব্যবহার করেন, তাহা হইলে উহা হইবে একটি অপরাধ এবং তজ্জন্য তিনি অনধিক ১ (এক) বৎসরের কারাদণ্ড বা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।

৬৬। **অপরাধের বিচার।**—বিধি ৬৩ ও বিধি ৬৫ এ বর্ণিত অপরাধসমূহ আইনের ধারা ৪৭ বা ধারা ৫০ অনুযায়ী বিচার্য হইবে।

৬৭। **বাংলা বা ইংরেজিতে আবেদন গ্রহণ ও নিষ্পত্তি।**—(১) এই বিধিমালার অধীন প্রদত্ত কোনো সনদ বা লাইসেন্স বাংলা বা ইংরেজি ভাষায় প্রদানের জন্য আবেদন করা যাইবে।

(২) আবেদনকারীর আবেদনের পরিপ্রেক্ষিতে লাইসেন্স, সনদ, ইত্যাদি বাংলা বা ইংরেজি ভাষায় প্রদান করা যাইবে।

৬৮। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে Boiler Rules, 1961 এবং Boiler Attendants Rules, 1953, অতঃপর রহিত Rules-দ্বয় বলিয়া উল্লিখিত, রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিত Rules-দ্বয়ের অধীন যে সকল কার্যক্রম সম্পাদন হইয়াছে তাহা এই বিধিমালার অধীন সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারির তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, রহিত Rules-দ্বয়ের অধীন এইরূপভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত Rules-দ্বয় রহিত হয় নাই।

৬৯। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই বিধিমালা প্রবর্তনের পর/কার্যকর হইবার পর, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

(২) বাংলা পাঠ এবং ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**তফসিল-১**

**[বিধি ৩৯, ৪৫ এবং ৫০ দ্রষ্টব্য]**

**বয়লার পরিচালনা লাইসেন্স প্রদানের জন্য গ্রেড ভিত্তিক পরীক্ষার বিষয়াদি**

(ক) গ্রেড-৩ লাইসেন্স প্রদানের জন্য পরীক্ষার বিষয়াদি (Syllabus):

(১) বয়লারের কর্ম ও ব্যবস্থাপনা;

(২) বিভিন্ন প্রকারের বয়লার এবং উহাদের মধ্যকার মৌলিক পার্থক্য;

(৩) বিভিন্ন ভাল্ব, ককস, মাউন্টিংস ও ফিটিংসের ব্যবহার ও উদ্দেশ্য;

(৪) অগ্নিসংযোগের পূর্বে ও বাষ্প বৃদ্ধির ক্ষেত্রে গৃহীতব্য পূর্বসতর্কতা এবং পালনীয় পদ্ধতি;

(৫) ফিড পাম্প ও ইনজেক্টরের ব্যবহার;

(৬) চাপের বিভিন্ন প্রকার পরিমাপকের রিডিং;

(৭) সাময়িক পরিষ্কারকরণ ও বিশুদ্ধ পানি সরবরাহ এবং তাপতলের দাগ অথবা অন্যান্য তলানি প্রতিরোধ;

(৮) বয়লারের পরিদর্শন, হাইড্রোলিক ও স্টিমের মাধ্যমে সম্পূর্ণ পরীক্ষা সম্পাদনের পদ্ধতি;

(৯) বয়লার কক্ষে কাউকে প্রবেশ করিবার অনুমতি প্রদানের পূর্বে গৃহীত পূর্বসতর্কতা অবলম্বন;

(১০) স্টীম পাইপে পানি ধারণের বিপদ ও পানি নিঃসরণের জন্য পূর্বসতর্কতা অবলম্বন;

(১১) কোনো একটি বয়লার বা স্টীম পাইপে পানি সংকট, ফুলে যাওয়া, চুল্লি ফাটিয়া যাওয়া বা নল ফাটিয়া যাওয়া এবং অন্য যে কোনো দুর্ঘটনার ক্ষেত্রে বিভিন্ন কার্যক্রম গ্রহণ;

(১২) কোনো বয়লারে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় পূর্ব সতর্কতা অবলম্বন;

(১৩) বায়ু প্রবাহিত করা এবং পানির পরিমাপক কাঁচ ও টেস্ট ককসের সঠিকতা পরীক্ষা;

(১৪) পানি পরিমাপক কাঁচ সরানো এবং কাল্পনিক পানির স্তর পদ্ধতি পরীক্ষণ;

(১৫) নিরাপদ ভালভ (safety valve) এবং ব্লো ডাউন ভালভ ব্যবহার;

(১৬) উচ্চজল নিরাপত্তা (high water safety) এবং নিম্নজল নিরাপত্তা (low water safety);

(১৭) ম্যানহোল বা হ্যাডহোল ডোর অথবা কোনো ঢাকনা বা স্টিমের কোনো প্রান্ত বা ফিড পাইপ সংযুক্ত করা;

(১৮) পাম্প অথবা ভালভ সেটকরণ এবং আটকানো;

(১৯) ককস এবং ভালভ পৃথককরণ এবং সংযোজন;

(২০) ডোজিং পাম্প বা ওয়াটার সফটেনার কার্যোপযোগী করা;

(২১) বয়লারের স্বাভাবিক রক্ষণাবেক্ষণ;

(২২) একটি আধুনিক বয়লারে নিয়ন্ত্রণ প্যানেলের কাজ;

(২৩) আধুনিক বয়লারের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নিরাপদ যন্ত্রাংশ পরীক্ষা করা;

(২৪) পানির মানমাত্রা সম্পর্কে ধারণা ও উহা নিয়ন্ত্রণে কেমিক্যালের ব্যবহার;

(২৫) ওয়াটার সফটেনার ব্যবহারের উদ্দেশ্য ও রক্ষণাবেক্ষণ করা;

(২৬) ফিড পাম্প ও ইনজেক্টরে কাজ করিবার নীতিমালা;

(২৭) বয়লারে ব্যবহৃত বৈদ্যুতিক প্রক্রিয়া কার্যক্রম;

(২৮) লগ শীটের প্রয়োজনীয় তথ্যাবলি ও লগ শীট রাখিবার উদ্দেশ্য;

(২৯) বয়লারের তাপতল (heating surface) পরিষ্কারের পদ্ধতি;

(৩০) বয়লারের বৈদ্যুতিক প্রণালী পরীক্ষা করিয়া দেখা;

(৩১) প্রেসার পার্টস ক্ষয়ের মূল কারণ ও ফলাফল এবং গৃহীত স্বাভাবিক প্রতিকার ও নির্দেশনা;

(৩২) ধোঁয়া প্রতিরোধের লক্ষ্যে যন্ত্রপাতি ব্যবহারের নীতিমালা;

(৩৩) সুপার হিটার, ইকোনোমাইজার, ফিড হিটার, ফিড ফিল্টার, ড্রাফট যন্ত্রপাতি এবং মেকানিক্যাল স্টোকার ইত্যাদি;

(৩৪) নিয়ন্ত্রণ প্যানেলে ব্যবহৃত বৈদ্যুতিক প্রক্রিয়া কার্যক্রম; এবং

(৩৫) বয়লার ও বয়লার রুমের অগ্নিনিরাপত্তা সতর্কতা।

(খ) গ্রেড-২ লাইসেন্স প্রদানের জন্য দফা (ক) এ উল্লিখিত বিষয়ের সহিত আইন ও বিধিমালাসহ নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত হইবে, যথা:—

(১) জ্বালানি পদ্ধতির বিস্তারিত বর্ণনা এবং দহন;

(২) পরিনিষিক্ত (saturated) ও চরম উত্তপ্ত (superheated) স্টিমের ধর্ম (properties);

(৩) অব্যবহৃত অবস্থায় বয়লারের রক্ষণাবেক্ষণের পদ্ধতি;

(৪) বয়লারের নিরাপদ কার্যকর চাপ নির্ণয়ের যোগ্যতা; এবং

(৫) সুপারহিটার ও ইকোনামাইজারের কার্যপ্রণালী।

(গ) গ্রেড-১ লাইসেন্স প্রদানের জন্য দফা (ক) এবং দফা (খ) এ উল্লিখিত বিষয়ের সহিত আইন, বিধিমালা ও কোডসহ নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত হইবে, যথা:—

(১) বয়লারের কার্যক্ষমতা নির্ণয় পদ্ধতি;

(২) বয়লারে তাপ পরিবহনের নীতি;

(৩) বয়লারের কার্যকর ক্ষমতা, দক্ষতা, তাপতল ইত্যাদি পরিমাপ;

(৪) বয়লারের জ্বালানি ব্যবহারের দক্ষতা; এবং

(৫) বয়লারে ব্যবহৃত ম্যাটেরিয়ালের বৈশিষ্ট্য।

**তফসিল-২**

**[বিধি ৪ এর দফা (ঙ) দ্রষ্টব্য]**

**বয়লার নির্মাণকারী প্রতিষ্ঠান, বয়লার মেরামতকারী প্রতিষ্ঠান, বয়লার পরিদর্শনকারী প্রতিষ্ঠান, বয়লার ইনডেন্টর প্রতিষ্ঠান, বয়লার ঝালাই পরীক্ষণ প্রতিষ্ঠান, বয়লার বিষয়ক প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান, বয়লার নির্মাণ, বয়লার আমদানি, বয়লার নিবন্ধন, বয়লার মেরামত, বয়লার নিবন্ধন বাতিল, বয়লার পরিচালনাকারী, ঝুঁকিপূর্ণ বয়লার এবং বয়লার দুর্ঘটনা, ইত্যাদির রেজিস্টার**

**বয়লার নির্মাণকারী প্রতিষ্ঠান: শ্রেণি-ক**

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | ঠিকানা | তালিকাভুক্তির তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |
| | | | | | |

**বয়লার নির্মাণকারী প্রতিষ্ঠান: শ্রেণি-খ**

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | ঠিকানা | তালিকাভুক্তির তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |
| | | | | | |

**বয়লার মেরামতকারী প্রতিষ্ঠান**

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | ঠিকানা | তালিকাভুক্তির তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |
| | | | | | |

**বয়লার পরিদর্শনকারী প্রতিষ্ঠান**

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | ঠিকানা | তালিকাভুক্তির তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |
| | | | | | |

## বয়লার ইনডেন্টর প্রতিষ্ঠান

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | ঠিকানা | তালিকাভুক্তির তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |
| | | | | | |

## বয়লার ঝালাই পরীক্ষণ প্রতিষ্ঠান

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | ঠিকানা | তালিকাভুক্তির তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |
| | | | | | |

## বয়লার বিষয়ক প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান

| ক্রমিক নং | প্রতিষ্ঠানের নাম | ঠিকানা | তালিকাভুক্তির তারিখ | মেয়াদ উত্তীর্ণের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| | | | | | |
| | | | | | |

## বয়লার নির্মাণ

নির্মাণকারীর বিবরণ:

(ক) প্রতিষ্ঠানের নাম :..................................................................

(খ) ঠিকানা :..........................................................................

| ক্রমিক নং | নির্মাতার নম্বর | বয়লারের প্রকারভেদ | অনুমোদনের তারিখ | সনদ নম্বর | সনদ প্রদানের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

## বয়লার আমদানি

| ক্রমিক নং | আমদানিকারকের নাম | ঠিকানা | বয়লার নির্মাণকারী প্রতিষ্ঠানের নাম | নির্মাণ স্থান ও সন | নির্মাতার নম্বর | বয়লারের প্রকারভেদ | বয়লারের কোড | পরিদর্শনকারী প্রতিষ্ঠান | অনুমোদন নম্বর | অনুমোদন প্রদানের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) | (১১) | (১২) |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

**বয়লার নিবন্ধন**

**নিবন্ধন নম্বর:** **তারিখ:**

বয়লার ব্যবহারকারী:

(ক) নাম ....................................... (খ) পদবি.........................................

(গ) মোবাইল নম্বর............................. (ঘ) ই-মেইল.....................................

প্রতিষ্ঠানের বিবরণ:

(ক) নাম ..........................................................................................

(খ) ঠিকানা .......................................................................................

(গ) কাজের ধরন ..................................................................................

পরিদর্শন ফি : ......................................................................................

বয়লারের প্রকারভেদ : .............................................................................

নির্মাতার নাম : .....................................................................................

নির্মাণ স্থান ও সন : ...............................................................................

নির্মাতার নম্বর : ...................................................................................

হিটিং সারফেস : ....................................................................................

সর্বোচ্চ নির্ধারিত কার্যকরী বাষ্প চাপ : ...........................................................

বয়লার ডিজাইন কোড: ...........................................................................

বয়লার পরিদর্শনকারী কর্তৃপক্ষের নাম : .........................................................

ম্যাটেরিয়ালের বর্ণনা : (ক) ইস্পাত প্রস্তুতকারীর নাম : ........................................
..................................................................................
(খ) ম্যাটেরিয়ালের গ্রেড : ...........................................................
..................................................................................
..................................................................................

**বয়লার হস্তান্তর বা স্থানান্তরের তথ্য:**

ব্যবহারকারীর বিবরণ :

(ক) নাম ....................................... (খ) পদবি...........................................

(গ) মোবাইল নম্বর............................ (ঘ) ই-মেইল.....................................

প্রতিষ্ঠানের বিবরণ:

(ক) নাম ..........................................................................................

(খ) ঠিকানা ....................................................................................

(গ) কাজের ধরন ..................................................................................

মন্তব্য..................................................................................................

**মেরামতের তথ্য:**

(ক) মেরামতের বিবরণ: .............................................................
..................................................................

(খ) মেরামতকারীর বিবরণ: ..........................................................
..................................................................

মন্তব্য..................................................................................................

**বয়লার মেরামত**

| ক্রমিক নং | বয়লার নম্বর | প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | অনুমোদনের তারিখ | সনদ নম্বর | সনদ প্রদানের তারিখ | মেরামতের বিবরণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

**বয়লার নিবন্ধন বাতিল**

**নিবন্ধন নম্বর:** **তারিখ:**

সর্বশেষ ব্যবহারকারী প্রতিষ্ঠানের নাম :

ঠিকানা :

বাতিলের তারিখ :

বাতিলের কারণ :

প্রতিবেদনকারীর নাম :

মন্তব্য :

**বয়লার পরিচালনাকারী (গ্রেড-১)**

**লাইসেন্স নম্বর:**
**তারিখ:**

নাম : ..............................................................................

পিতার নাম : ..............................................................................

মাতার নাম : ..............................................................................

জন্ম তারিখ : ..............................................................................

জাতীয় পরিচয়পত্র নম্বর : ..............................................................................

শিক্ষাগত যোগ্যতা : ..............................................................................

স্থায়ী ঠিকানা : ..............................................................................

নবায়ন : ..............................................................................

..............................................................................

মন্তব্য : ..............................................................................

**বয়লার পরিচালনাকারী (গ্রেড-২)**

**লাইসেন্স নম্বর:** **তারিখ:**

নাম : ..............................................................................

পিতার নাম : ..............................................................................

মাতার নাম : ..............................................................................

জন্ম তারিখ : ..............................................................................

জাতীয় পরিচয়পত্র নম্বর : ..........................................................................
শিক্ষাগত যোগ্যতা : ..........................................................................
স্থায়ী ঠিকানা : ..........................................................................
নবায়ন : ..........................................................................
..........................................................................
মন্তব্য : ..........................................................................

**বয়লার পরিচালনাকারী (গ্রেড-৩)**

**লাইসেন্স নম্বর:** **তারিখ:**

নাম : ..........................................................................
পিতার নাম : ..........................................................................
মাতার নাম : ..........................................................................
জন্ম তারিখ : ..........................................................................
জাতীয় পরিচয়পত্র নম্বর : ..........................................................................
শিক্ষাগত যোগ্যতা : ..........................................................................
স্থায়ী ঠিকানা : ..........................................................................
নবায়ন : ..........................................................................
..........................................................................
মন্তব্য : ..........................................................................

**ঝুঁকিপূর্ণ বয়লার**

**নিবন্ধন নম্বর:** **তারিখ:**

ব্যবহারকারী প্রতিষ্ঠানের নাম :
ঠিকানা :
বয়লারের প্রকারভেদ :
নির্মাতার নাম :
নির্মাণ স্থান ও সন :
নির্মাতার নম্বর :
হিটিং সারফেস :
সর্বোচ্চ নির্ধারিত কার্যকরী বাষ্প চাপ :

**বয়লার দুর্ঘটনা**

**নিবন্ধন নম্বর:** **তারিখ:**

সর্বশেষ ব্যবহারকারী প্রতিষ্ঠানের নাম :
ঠিকানা :
দুর্ঘটনার তারিখ ও সময় :
দুর্ঘটনার প্রকৃতি :
দুর্ঘটনার কারণ :
ক্ষয়ক্ষতির বিবরণ :
তদন্তকারী কর্মকর্তার নাম :
ক্ষতিপূরণের তথ্য :

**তফসিল-৩**

**[বিধি ১৪ এর দফা (ক) ও (ঘ), বিধি ১৫ এর দফা (ক) ও (গ), বিধি ১৬ এর দফা (ক) ও (গ), বিধি ১৮ এর দফা (ক) ও (ঘ), বিধি ২০ এর দফা (ক) ও (ঙ), বিধি ২২ এর দফা (খ) ও (চ), বিধি ২৬ এর দফা (ক), বিধি ২৮ এর দফা (ক) ও (ঘ), বিধি ২৯, বিধি ৪১ এর দফা (ক) ও (চ) এবং বিধি ৪৩ এর দফা (ক) ও (গ) দ্রষ্টব্য]**

**ফরম-ক**

**[বিধি ১৪ এর দফা (ক) দ্রষ্টব্য]**

**বয়লার নির্মাণকারী (শ্রেণি-ক বা শ্রেণি-খ) প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্তির জন্য আবেদনপত্র**

**অংশ-১**

**(আবেদনকারী কর্তৃক পূরণীয়)**

বরাবর,
প্রধান বয়লার পরিদর্শক
..................................................................
..................................................................

আমি নিম্নস্বাক্ষরকারী বয়লার নির্মাণকারী (শ্রেণি-ক বা শ্রেণি-খ) প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্তির জন্য তফসিল-৪ এ উল্লিখিত ফি পরিশোধপূর্বক বিধি ৬ এ উল্লিখিত দলিলাদিসহ আবেদন দাখিল করিতেছি:

আবেদনকারীর বিবরণ:

| | | | |
|---|---|---|---|
| ১। | নাম | (ক) বাংলায় | : |
| | | (খ) ইংরেজিতে | : |
| ২। | পিতার নাম | (ক) বাংলায় | : |
| | | (খ) ইংরেজিতে | : |
| ৩। | জন্ম তারিখ | | : |
| ৪। | জাতীয় পরিচয়পত্রের নম্বর | | : |
| ৫। | স্থায়ী ঠিকানা | | : |
| ৬। | বর্তমান ঠিকানা | | : |
| ৭। | প্রতিষ্ঠানের বিবরণ : | | |
| | | (ক) নাম | : |
| | | (খ) ঠিকানা | : |
| ৮। | প্রদত্ত ফি এর পরিমাণ | | : |

আমি প্রত্যয়ন করিতেছি যে, উপরি-বর্ণিত সকল তথ্য ও দাখিলকৃত দলিলাদি সঠিক।
এমতাবস্থায়, আপনার কার্যালয়ে তালিকাভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

আবেদনকারীর স্বাক্ষর ও সীল:
মোবাইল নম্বর:
ই-মেইল:

**অংশ-২**

**(অফিস কর্তৃক পূরণীয়)**

এতদ্দ্বারা আমি নিম্নস্বাক্ষরকারী দাখিলকৃত আবেদনপত্র................তারিখে গ্রহণ করিলাম।

গ্রহণকারীর স্বাক্ষর ও সীল (নাম ও পদবিসহ)

**ফরম-খ**

**[বিধি ১৪ এর দফা (ক) দ্রষ্টব্য]**

**বয়লার মেরামতকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্তির জন্য আবেদনপত্র**

**অংশ-১**

**(আবেদনকারী কর্তৃক পূরণীয়)**

বরাবর,
প্রধান বয়লার পরিদর্শক
....................................................................
....................................................................

আমি নিম্নস্বাক্ষরকারী বয়লার মেরামতকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্তির জন্য তফসিল-৪ এ উল্লিখিত ফি পরিশোধপূর্বক বিধি ৬ এ উল্লিখিত দলিলাদিসহ আবেদন দাখিল করিলাম:

আবেদনকারীর বিবরণ:

| | | |
|---|---|---|
| ১। নাম | (ক) বাংলায় | : |
| | (খ) ইংরেজিতে | : |
| ২। পিতার নাম | (ক) বাংলায় | : |
| | (খ) ইংরেজিতে | : |
| ৩। জন্ম তারিখ | | : |
| ৪। জাতীয় পরিচয়পত্রের নম্বর | | : |
| ৫। স্থায়ী ঠিকানা | | : |
| ৬। বর্তমান ঠিকানা | | : |
| ৭। প্রতিষ্ঠানের বিবরণ : | | |
| | (ক) নাম | : |
| | (খ) ঠিকানা | : |
| ৮। প্রদত্ত ফি এর পরিমাণ | | : |

আমি প্রত্যয়ন করিতেছি যে, উপরি-বর্ণিত সকল তথ্য ও দাখিলকৃত দলিলাদি সঠিক।

এমতাবস্থায়, আপনার কার্যালয়ে তালিকাভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

আবেদনকারীর স্বাক্ষর ও সীল:

মোবাইল নম্বর:

ই-মেইল:

**অংশ-২**

**(অফিস কর্তৃক পূরণীয়)**

এতদ্দ্বারা আমি নিম্নস্বাক্ষরকারী দাখিলকৃত আবেদনপত্র................তারিখে গ্রহণ করিলাম।

গ্রহণকারীর স্বাক্ষর ও সীল
(নাম ও পদবিসহ)

**ফরম-গ**

**[বিধি ১৪ এর দফা (ক) দ্রষ্টব্য]**

**বয়লার পরিদর্শনকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্তির জন্য আবেদনপত্র**

**অংশ-১**

**(আবেদনকারী কর্তৃক পূরণীয়)**

বরাবর,

প্রধান বয়লার পরিদর্শক

...................................................................

...................................................................

আমি নিম্নস্বাক্ষরকারী বয়লার পরিদর্শনকারী প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্তির জন্য তফসিল-৪ এ উল্লিখিত ফি পরিশোধপূর্বক বিধি ৬ এ উল্লিখিত দলিলাদিসহ আবেদন দাখিল করিলাম:

আবেদনকারীর বিবরণ:

| | | |
|---|---|---|
| ১। নাম | (ক) বাংলায় | : |
| | (খ) ইংরেজিতে | : |
| ২। পিতার নাম | (ক) বাংলায় | : |
| | (খ) ইংরেজিতে | : |
| ৩। জন্ম তারিখ | | : |
| ৪। জাতীয় পরিচয়পত্রের নম্বর | | : |
| ৫। স্থায়ী ঠিকানা | | : |
| ৬। বর্তমান ঠিকানা | | : |
| ৭। প্রতিষ্ঠানের বিবরণ : | | |
| | (ক) নাম | : |
| | (খ) ঠিকানা | : |
| ৮। প্রদত্ত ফি এর পরিমাণ | | : |

আমি প্রত্যয়ন করিতেছি যে, উপরি-বর্ণিত সকল তথ্য ও দাখিলকৃত দলিলাদি সঠিক।

এমতাবস্থায়, আপনার কার্যালয়ে তালিকাভুক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।

আবেদনকারীর স্বাক্ষর ও সীল:

মোবাইল নম্বর:

ই-মেইল:

**অংশ-২**

**(অফিস কর্তৃক পূরণীয়)**

এতদ্দ্বারা আমি নিম্নস্বাক্ষরকারী দাখিলকৃত আবেদনপত্র................তারিখে গ্রহণ করিলাম।

গ্রহণকারীর স্বাক্ষর ও সীল (নাম ও পদবিসহ)

**ফরম-ঘ**
**[বিধি ১৪ এর দফা (ক) দ্রষ্টব্য]**
**বয়লার ইনডেন্টর প্রতিষ্ঠান হিসাবে তালিকাভুক্তির জন্য আবেদনপত্র**
**অংশ-১**
**(আবেদনকারী কর্তৃক পূরণীয়)**

বরাবর,

প্রধান বয়লার পরিদর্শক

...................................................................

...................................................................

